# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Falgun 25, 1432 Bangla, March 10, 2026, Tuesday, No. 69, 56th year

# H I G H L I G H T S

The government is going to introduce 'Family Cards' in the name of female-headed households with the aim of ensuring women's empowerment, rights, dignity, and economic independence. [Jago FM: 10]

Home Minister has said two suspects in Hadi murder case who were arrested in India will be brought back to Bangladesh under the existing extradition treaty between two countries & brought to justice. [Jago FM: 10]

Four Bangladeshis have been killed since the outbreak of the Iran–Israel conflict -- said State Minister for Expatriates' Welfare and Overseas Employment Md Nurul Haque. [BBC: 04]

The government has expressed deep shock over the killing of 2 Bangladeshis & the injury of several others in an aerial attack in Saudi Arabia's Al-Kharj Governorate, in the ongoing war in Middle East. [Jago FM: 11]

There is no shortage of edible oil in the country, and its price will not increase even a decimal--- said Commerce Minister Khandaker Abdul Muktadir. [Jago FM: 12]

A student named Rahid Khan Pavel was beaten at Dhaka University over allegations that he was involved with the banned organisation Bangladesh Chhatra League. [DW: 09]

A joint force of police, RAB, BGB & army have carried out an operation in Jungle Salimpur in Sitakunda, Chattogram and arrested 15 people. Law enforcement agencies have also reported the recovery of some weapons. [BBC: 05]

Iranian media reported that Iran's Assembly of Experts has elected Mojtaba Khamenei, the son of Ali Khamenei, as the third leader of the Islamic Republic. [NHK: 08]

Crude oil prices have surpassed $100 per barrel for the first time since 2022 as the war in Middle East continues. There are fears that gasoline prices could rise further if oil transport through the Strait of Hormuz remains blocked for a longer period. [BBC: 06]

| Director: 44813046 | Deputy News Controller: 44813048<br>44813179 | Assistant News Controller: 44813047<br>44813178 |
|---|---|---|

**দৈনিক মনিটরিং রিপোর্ট**

**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**

**ফাল্গুন ২৫, বাংলা ১৪৩২, মার্চ ১০, ২০২৬, মঙ্গলবার, নং- ৬৯, ৫৬তম বছর**

# শিরোনাম

নারীর ক্ষমতায়ন, অধিকার, মর্যাদা ও অর্থনৈতিক স্বাধীনতা নিশ্চিত করার লক্ষ্যে নারী প্রধান পরিবারের নামে `ফ্যামিলি কার্ড, চালু করতে যাচ্ছে সরকার। [জাগো এফএম: ১০]

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমেদ বলেছেন, হাদি হত্যার ঘটনায় ভারতে গ্রেফতার হওয়া আসামিদের বন্দি বিনিময় চুক্তির আওতায় দেশে ফিরিয়ে এনে আইনের মুখোমুখি করা হবে। [জাগো এফএম: ১০]

ইরান ও ইসরাইলের মধ্যে যুদ্ধ শুরুর পর থেকে মধ্যপ্রাচ্যে চারজন বাংলাদেশি নিহত হয়েছেন --- জানিয়েছেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী মো. নুরুল হক। [বিবিসি: ০৪]

মধ্যপ্রাচ্যে চলমান যুদ্ধে সৌদি আরবের আল-খারজ গভর্নরেটে বিমান হামলায় দুই বাংলাদেশি নিহত ও আরও কয়েকজন আহত হওয়ার ঘটনায় গভীর শোক প্রকাশ করেছে বাংলাদেশ সরকার। [জাগো এফএম: ১১]

বাজারে ভোজ্যতেলের পর্যাপ্ত মজুত রয়েছে, তেলের দাম একফোঁটাও বাড়ার সম্ভাবনা নেই --- মন্তব্য করেছেন বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির। [জাগো এফএম: ১২]

নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগে জড়িত থাকার অভিযোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাহিদ খান পাভেল নামে একজন শিক্ষার্থীকে মারধর করা হয়েছে। [ডয়চে ভেলে : ০৯]

চট্টগ্রাম জেলার সীতাকুণ্ডে জঙ্গল সলিমপুরে যৌথ অভিযান চালিয়েছে সেনাবাহিনী, পুলিশ ও র‍্যাবসহ বিভিন্ন বাহিনীর প্রায় চার হাজার সদস্য। অভিযানে ১৫ জনকে আটকের পাশাপাশি, কিছু অস্ত্র উদ্ধারের কথা জানিয়েছে আইন-শৃঙ্খলা বাহিনী। [বিবিসি: ০৫]

ইরানি গণমাধ্যম জানিয়েছে, বিশেষজ্ঞ পরিষদ খামেনির দ্বিতীয় পুত্র মোজতবাকে দেশের নতুন সর্বোচ্চ নেতা হিসেবে মনোনীত করেছে। [এনএইচকে: ০৮]

মধ্যপ্রাচ্যে যুদ্ধ চলতে থাকায় ২০২২ সালের পর প্রথমবারের মতো অপরিশোধিত তেলের দাম ব্যারেল প্রতি ১০০ ডলার ছাড়িয়েছে। আশঙ্কা করা হচ্ছে, হরমুজ প্রণালি দিয়ে তেল পরিবহণ আরও দীর্ঘ সময় ধরে বন্ধ থাকলে পেট্রোলের দাম আরও বাড়তে পারে। [বিবিসি: ০৬]

# বিবিসি

## হাদিকে হত্যার অভিযোগে কলকাতায় গ্রেফতার হওয়া দুইজন ১৪ দিনের রিমান্ডে

বাংলাদেশে ইনকিলাব মঞ্চের আহ্বায়ক শরিফ ওসমান হাদির হত্যাকাণ্ডে পশ্চিমবঙ্গ থেকে যে দুইজনকে গ্রেফতার করা হয়েছে, তাদের বিরুদ্ধে রাজ্য পুলিশ ভারতে অবৈধ প্রবেশের অভিযোগে মামলা করেছে। গ্রেফতার হওয়ার সময়ে তাদের কাছে কোনো ভারতীয় নথিপত্র ছিল না বলেও রাজ্য পুলিশ সূত্রে জানা যাচ্ছে। ওই দুইজনকে আদালতে তোলার পরে তাদের ১৪ দিনের পুলিশি হেফাজতে পাঠানো হয়েছে। পুলিশে একজন কর্মকর্তা বিবিসি বাংলাকে জানিয়েছেন, এই দুইজনকে বাংলাদেশের হাতে তুলে দেওয়া হবে কি না, সেই সিদ্ধান্ত নেওয়া রাজ্য পুলিশের এখতিয়ারের বাইরে। ফয়সাল করিম মাসুদ এবং তার সঙ্গী আলমগীর হোসেনকে পশ্চিমবঙ্গ পুলিশের স্পেশাল টাস্ক ফোর্স গ্রেফতার করে ভারত-বাংলাদেশ সীমান্তের কাছে বনগাঁ থেকে। কলকাতায় বাংলাদেশের উপ-দূতাবাস জানিয়েছে যে, এই দু-জনের সঙ্গে দেখা করার জন্য তারা ভারত সরকারের কাছে কনসুলার এক্সেস চেয়েছে।

কনসুলার অ্যাক্সেসের মাধ্যমে বিদেশের কোনো কূটনীতিক ভারতে ধৃত বিদেশি নাগরিকের সঙ্গে যোগাযোগ করতে পারেন। এই মামলাটির 'সংবেদনশীলতা এবং গুরুতর প্রকৃতির, কথা মাথায় রেখে দুই দেশের প্রশাসনিক সহযোগিতায় এই প্রক্রিয়াটি 'দ্রুত সম্পন্ন হতে পারে, বলে বিবিসি বাংলাকে জানিয়েছেন ওই পুলিশ কর্মকর্তা। প্রাথমিক জিজ্ঞাসাবাদে পুলিশ কর্মকর্তারা জানতে পারেন, মি. হাদির হত্যার পর, মি. মাসুদ এবং মি. হোসেন বাংলাদেশ থেকে পালিয়ে অবৈধ ভাবে ভারতে প্রবেশ করেছিলেন মেঘালয় সীমান্ত দিয়ে। যদিও এর কিছুদিন আগেই এই দুজনকে গ্রেফতার তথ্য প্রকাশ হয়েছিল বাংলাদেশের কিছু গণমাধ্যমে, যদিও তখন ভারতের পুলিশ ও বিএসএফ কর্মকর্তারা তা নাকচ করে দিয়েছিলেন। পুলিশের তথ্য অনুযায়ী, তারা এরপর ভারতের বিভিন্ন জায়গা দিয়ে চলাফেরা করেন এবং অবশেষে পশ্চিমবঙ্গের বনগাঁ সীমান্ত এলাকায় এসে লুকিয়ে থাকেন। আন্তর্জাতিক সীমান্ত পেরিয়ে বাংলাদেশে ফিরে যাওয়ার তাদের পরিকল্পনা ছিল বলে পুলিশের দাবি। এই ধৃতদের সঙ্গে আরো অন্য কেউ অবৈধভাবে ভারতে প্রবেশ করেছিল কি না, তাও তদন্ত করে দেখছেন পুলিশ কর্মকর্তারা। গত বছরের ১২ ডিসেম্বর ঢাকার বিজয়নগরে একটি প্রচারাভিযানের সময় মি. হাদি গুলিবিদ্ধ হন। ১৮ ডিসেম্বর সিঙ্গাপুরের একটি হাসপাতালে মারা যান তিনি।

(বিবিসি ওয়েব পেজ: ০৯.০৩.২০২৬ এলিনা)

## পুলিশের ৫ জন অতিরিক্ত মহাপরিদর্শক বাধ্যতামূলক অবসরে

পুলিশের পাঁচজন অতিরিক্ত মহাপরিদর্শককে (অতিরিক্ত আইজিপি) বাধ্যতামূলক অবসরে পাঠিয়েছে সরকার। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মনজুর মোর্শেদ চৌধুরীর সই করা পৃথক পাঁচটি প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়েছে। অবসরে পাঠানো অতিরিক্ত আইজিপিরা হলেন, আবু হাসান মুহম্মদ তারিক, মোহাম্মদ আবদুল আলীম মাহমুদ, মো. মাসুদুর রহমান ভুঁইয়া, কুসুম দেওয়ান ও মো. তওফিক মাহবুব চৌধুরী। খবর রাষ্ট্রীয় বার্তা সংস্থা বাসস-এর। তাদের মধ্যে আবু হাসান মুহম্মদ তারিক ও মোহাম্মদ আবদুল আলীম মাহমুদ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওএসডি) হিসেবে কর্মরত ছিলেন। এছাড়া, মো. মাসুদুর রহমান পুলিশ সদর দফতরে টিআর পদে এবং তওফিক মাহবুব চৌধুরী রাজশাহীর সারদা পুলিশ অ্যাকাডেমিতে ও কুসুম দেওয়ান নৌ পুলিশে অতিরিক্ত আইজিপি হিসেবে দায়িত্ব পালন করছিলেন। প্রজ্ঞাপনে বলা হয়, সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সালের ৫৭ নম্বর আইন)-এর ৪৫ ধারার বিধান অনুযায়ী, জনস্বার্থে তাদের সরকারি চাকরি থেকে অবসর দেওয়া হয়েছে। এতে আরও বলা হয়, তারা বিধি অনুযায়ী অবসরজনিত সব সুবিধা পাবেন। জনস্বার্থে জারি করা এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(বিবিসি ওয়েব পেজ: ০৯.০৩.২০২৬ এলিনা)

## হাদি হত্যার অভিযুক্তরা ভারতে এলো কী করে, প্রশ্ন তৃণমূল কংগ্রেসের

বাংলাদেশে ইনকিলাব মঞ্চের আহ্বায়ক শরিফ ওসমান হাদির হত্যাকাণ্ডে মূল অভিযুক্ত ফয়সাল করিম মাসুদ এবং তার সঙ্গী আলমগীর হোসেন রবিবার পশ্চিমবঙ্গে গ্রেফতার হওয়ার পর ওই রাজ্যের ক্ষমতাসীন তৃণমূল কংগ্রেস দল প্রশ্ন তুলেছে যে, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহর অধীনে থাকা বিএসএফের নজর এড়িয়ে ওই দুই অভিযুক্ত ভারতে কী করে প্রবেশ করল? তবে রাজ্যের প্রধান বিরোধী দল বিজেপি অভিযোগ করেছে যে, পশ্চিমবঙ্গ বাংলাদেশের দুষ্কৃতীদের জন্য নিরাপদ আশ্রয় হয়ে উঠেছে। তৃণমূল কংগ্রেসের মুখপাত্র অরুপ চক্রবর্তী বিবিসি বাংলাকে বলেন, মি. হাদির হত্যাকাণ্ডে দুই অভিযুক্ত ভারতে প্রবেশ করেছেন মেঘালয় সীমান্ত দিয়ে, যেখানে বিজেপির শরিক সরকার ক্ষমতায় আছে। "অমিত শাহ ব্যর্থ হয়েছেন আমাদের সীমান্ত রক্ষা করতে। অবশেষে মমতা ব্যানার্জির পুলিশ গ্রেফতার করেছে দুই অভিযুক্তকে,„ বলছিলেন মি. চক্রবর্তী। তিনি অভিযোগ করেন যে, মেঘালয় থেকে পশ্চিমবঙ্গে প্রবেশ করার পথে আসে আসাম এবং ত্রিপুরা। "দুই রাজ্যেই ক্ষমতায় আছে বিজেপির ডবল ইঞ্জিন সরকার। "দুই রাজ্যের পুলিশ আর অমিত শাহর বিএসএফের চোখে ধুলো দিয়ে দুষ্কৃতীরা দেশে ঘুরে বেড়াচ্ছে,„ জানিয়েছেন অরুপ চক্রবর্তী। তবে ভারতীয় জনতা পার্টির মুখপাত্র দেবজিৎ সরকার অভিযোগ করছেন, পশ্চিমবঙ্গ বাংলাদেশের দুষ্কৃতীদের জন্য একটা

”নিরাপদ আশ্রয়„ হয়ে উঠেছে। তার কথায়, ”শুধু হাদি হত্যাকাণ্ডে যারা অভিযুক্ত তারা নয়, বিভিন্ন সময়ে বাংলাদেশের বা অন্যান্য দেশের অপরাধীরা যারা পালিয়ে এসেছেন, তাদের জন্য পশ্চিমবঙ্গ একটি সেফ হ্যাভেনে পরিণত হয়েছে... পশ্চিমবঙ্গে প্রায় ৪০০ কিমির মতো পোরাস বর্ডার... সুপ্রিম কোর্টের নির্দেশের পরে (রাজ্যের তরফে) যেভাবে জমিগুলো দেওয়া হয়েছে, সেটাতে বিএসএফ সেটাতে সন্তুষ্ট নয়।„(বিবিসি ওয়েব পেজ: ০৯.০৩.২০২৬ এলিনা)

## সরকারি দলের সংসদীয় সভা আগামী ১১ মার্চ

সংসদ নেতার সভাপতিত্বে সরকারি দলের সংসদীয় সভা আগামী **১১** মার্চ (বুধবার) বেলা **১১**টায় অনুষ্ঠিত হবে। সংসদ ভবনে অবস্থিত ত্রয়োদশ জাতীয় সংসদের সরকার দলীয় সভাকক্ষে এ বৈঠক বসবে। আজ (সোমবার) জাতীয় সংসদ সচিবালয় থেকে এ তথ্য জানানো হয়েছে। খবর রাষ্ট্রীয় বার্তা সংস্থা বাসস-এর। এই সভায় সরকার দলীয় সকল সংসদ সদস্যদের উপস্থিত থাকার জন্য চিফ হুইপ অনুরোধ জানিয়েছেন।(বিবিসি ওয়েব পেজ: ০৯.০৩.২০২৬ এলিনা)

## দুদকের মহাপরিচালক হলেন মোহাম্মদ আলী হোসাইন

দুর্নীতি দমন কমিশনের (দুদক) মহাপরিচালক (লিগ্যাল) হিসেবে নিয়োগ পেয়েছেন আইন ও বিচার বিভাগের সংযুক্ত কর্মকর্তা (জেলা ও দায়রা জজ) মোহাম্মদ আলী হোসাইন। আজ সোমবার তাকে মহাপরিচালক (ডিজি) নিয়োগ দিয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। একইসঙ্গে তার চাকরি মন্ত্রিপরিষদ বিভাগে ন্যস্ত করা হয়েছে। খবর রাষ্ট্রীয় বার্তা সংস্থা বাসস-এর।(বিবিসি ওয়েব পেজ: ০৯.০৩.২০২৬ রনি)

## ইরান-ইসরাইল যুদ্ধ শুরুর পর মধ্যপ্রাচ্যে চার বাংলাদেশি নিহত

ইরান ও ইসরাইলের মধ্যে যুদ্ধ শুরুর পর থেকে মধ্যপ্রাচ্যে চারজন বাংলাদেশি নিহত হয়েছেন বলে জানিয়েছেন, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী মো. নুরুল হক। খবর বাংলাদেশের রাষ্ট্রীয় বার্তা সংস্থা বাসস-এর। প্রতিমন্ত্রী বলেন, চারজনের মধ্যে একজন বাহরাইন, একজন দুবাই এবং দু-জন সৌদি আরবে নিহত হয়েছেন। আমরা সৌদি আরবে নিহত বাংলাদেশিদের পরিবারের সঙ্গে যোগাযোগ করেছি। প্রধানমন্ত্রীর পক্ষ থেকে তাদের প্রতি সমবেদনা জানিয়েছি এবং সহায়তা প্রদানে আশ্বস্ত করেছি। তিনি আরও জানান, নিহতদের মরদেহ তাদের পরিবারের কাছে ফেরত পাঠানোর ব্যবস্থাও চলছে। আজ সোমবার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে মৌলভীবাজার জেলার বড়লেখা উপজেলার বাসিন্দা আহম্মেদ আলীর মরদেহ গ্রহণের সময় তিনি এসব কথা বলেন। এ সময় পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম উপস্থিত ছিলেন। চলমান ইরান-ইসরাইল যুদ্ধে দুবাইয়ে নিহত হন আহম্মেদ আলী। প্রতিমন্ত্রী মো. নুরুল হক বলেন, মধ্যপ্রাচ্যে সংকট শুরু হওয়ার পর থেকে ফ্লাইট স্থগিত রয়েছে এবং প্রধানমন্ত্রী তারেক রহমান সংশ্লিষ্ট সবাইকে সমন্বিতভাবে কাজ করার নির্দেশ দিয়েছেন, যাতে আটকে পড়া যাত্রীদের আবাসন ও প্রয়োজনীয় সহায়তা নিশ্চিত করা যায়। পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ বলেন, বাংলাদেশি নাগরিকদের নিরাপত্তা সরকারের সর্বোচ্চ অগ্রাধিকার এবং তাদের পাশে দাঁড়াতে সব ধরনের প্রচেষ্টা চালানো হচ্ছে।
(বিবিসি ওয়েব পেজ: ০৯.০৩.২০২৬ এলিনা)

## শেখ হাসিনাসহ ২৮৬ জনের বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহ মামলার অভিযোগ গঠনের শুনানি ১৫ এপ্রিল

বাংলাদেশের ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ ২৮৬ জনের বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহ মামলার অভিযোগ গঠন শুনানির জন্য আগামী **১৫** এপ্রিল তারিখ ধার্য করেছেন ঢাকার একটি আদালত। `জয় বাংলা ব্রিগেডের, জুম মিটিংয়ে অংশ নিয়ে অন্তর্বর্তী সরকারকে উৎখাত ও রাষ্ট্রবিরোধী কর্মকাণ্ডে অংশ নেওয়ার অভিযোগে মামলাটি দায়ের করা হয়। খবর রাষ্ট্রীয় বার্তা সংস্থা বাসস-এর। এই মামলায় শেখ হাসিনাসহ ২৮৬ জন আসামি। তাদের মধ্যে শেখ হাসিনাসহ ২৫৯ জন পলাতক রয়েছেন। ঢাকা মহানগর উত্তর যুব মহিলা লীগের সাবেক সভাপতি ও সংরক্ষিত মহিলা আসনের সাবেক সংসদ সদস্য (এমপি) সাবিনা আক্তার তুহিনসহ ২৭ জন গ্রেফতার হয়ে কারাগারে আটক রয়েছেন। মামলার অভিযোগ থেকে জানা যায়, ২০২৪ সালের ১৯ ডিসেম্বর অনলাইন প্ল্যাটফর্মের মিটিংয়ে `জয় বাংলা ব্রিগেড, গঠন করে একটি গৃহযুদ্ধের মাধ্যমে শেখ হাসিনাকে পুনরায় প্রধানমন্ত্রীর ক্ষমতা বুঝিয়ে দেওয়া এবং তা নিশ্চিতকরণের জন্য শেষ নিশ্বাস পর্যন্ত যুদ্ধ করে যাবেন বলে অনেকেই প্রত্যয় ব্যক্ত করেন। মোট ৫৭৭ জন অংশগ্রহণকারী দেশ-বিদেশের বিভিন্ন স্থান থেকে উক্ত জুম মিটিংয়ে অংশগ্রহণ করে এবং শেখ হাসিনার সকল নির্দেশ পালন করার ব্যাপারে একাগ্রচিত্তে মত প্রকাশ করেন। (বিবিসি ওয়েব পেজ: ০৯.০৩.২০২৬ এলিনা)

## ভারতের কাছে কনস্যুলার অ্যাকসেস চেয়েছে বাংলাদেশ : পররাষ্ট্র প্রতিমন্ত্রী

ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরিফ ওসমান হাদি হত্যার অভিযোগে ভারতের কলকাতায় আটক দুই বাংলাদেশিকে ফেরত চাওয়া হবে বলে জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ। আজ সোমবার পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা জানান। পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, ”গতকাল আমরা জানতে পেরেছি, কলকাতা পুলিশ হাদি হত্যাকাণ্ডে সন্দেহভাজন হিসেবে দু-জনকে গ্রেফতার করেছে এবং তাদেরকে ১৪ দিনের রিমান্ডে নিয়েছে।„ ”কলকাতার উপ-কমিশনার ইতোমধ্যে যোগাযোগ করেছে। আমরা ভারতের কাছে কনস্যুলার অ্যাক্সেস চেয়েছি। কারণ আমাদের

কাছে যে তথ্য আছে, তা এখন পর্যন্ত যথেষ্ট নয়। কনস্যুলার অ্যাক্সেস পাওয়া মাত্রই আমরা সামনের দিকে এগোতে পারবো। ভারতের সাথে আমাদের বন্দি বিনিময় চুক্তি আছে। যদি এ আসামিরা শনাক্ত হয়, তাহলে আমরা ভারত সরকারের সাথে বন্দি বিনিময় চুক্তির মাধ্যমে বন্দিদেরকে ফেরত আনার ব্যবস্থা করবো।" কতদিনের মাঝে ফেরানো সম্ভব, তা সুনির্দিষ্ট করে বলতে পারেননি তিনি। তবে তিনি ব্যাখ্যা করে বলেছেন, এই কনস্যুলার অ্যাক্সেস পেলে বাংলাদেশের কর্মকর্তারা বন্দিদের পরিচয় যাচাই করতে পারবে। উল্লেখ্য, গত বছরের ১২ ডিসেম্বর দুপুরে ঢাকার পল্টনের বক্স কালভার্ট রোড ধরে রিকশা করে যাওয়ার সময় গুলিতে গুরুতর আহত হন ওসমান হাদি। এরপর গত ১৮ ডিসেম্বর সিঙ্গাপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান।

(বিবিসি ওয়েব পেজ: ০৯.০৩.২০২৬ এলিনা)

## কথা কাটাকাটির জেরে একই পরিবারের ১৩ জন গুলিবিদ্ধ

মুন্সিগঞ্জের শ্রীনগর উপজেলায় কথা কাটাকাটির জেরে প্রতিপক্ষের হামলায় একই পরিবারের ১৪ জন আহত হন। এদের মাঝে ১৩ জন গুলিবিদ্ধ হয়েছেন। শ্রীনগর থানার ওসি (তদন্ত) মিল্টন দত্ত বিবিসি বাংলাকে খবরটি নিশ্চিত করেন। তিনি জানান, পূর্ব বিরোধের জের ধরে এবং এলাকায় প্রভাব বিস্তারকে কেন্দ্র করে গতকাল রোববার রাত সাড়ে ৯টার দিকে উপজেলার রুদ্রপাড়া গ্রামে এ ঘটনা ঘটে। কথা কাটাকাটি থেকে শুরু হয়ে এক পর্যায়ে হাতাহাতিতে গড়ায় বিষয়টি। কে গুলি করেছে জানতে চাইলে তিনি বলেন, "ওই এলাকার খান বংশের এক মুক্তিযোদ্ধা, যার কাছে বৈধ লাইসেন্সকৃত এক নালা বন্দুক ছিল।„ এই ঘটনায় জড়িত থাকার কারণে হারুন খান, মান্নান খান ও মুহসীন খানকে ইতোমধ্যে গ্রেফতার করেছে পুলিশ এবং এই ঘটনায় দুটো মামলাও হয়েছে।

(বিবিসি ওয়েব পেজ: ০৯.০৩.২০২৬ এলিনা)

## জঙ্গল সলিমপুরে প্রায় ৪ হাজার আর্মি, র‍্যাব ও পুলিশের অভিযান, কী জানা যাচ্ছে

বাংলাদেশের চট্টগ্রাম জেলার সীতাকুণ্ডে 'সন্ত্রাসীদের নিরাপদ আশ্রয়স্থল' হিসেবে পরিচিত জঙ্গল সলিমপুরে যৌথ অভিযানে চালিয়েছে সেনাবাহিনী, পুলিশ ও র‍্যাবসহ বিভিন্ন বাহিনীর প্রায় চার হাজার সদস্য। সোমবার ভোর থেকে শুরু হয়ে দিনভর চালানো এই অভিযানে ড্রোন ও হেলিকপ্টার ব্যবহার করতে দেখা গেছে। অভিযানে ১৫ জনকে আটকের পাশাপাশি, কিছু অস্ত্র উদ্ধারের কথা জানিয়েছে আইন-শৃঙ্খলা বাহিনী। পুলিশ বলছে, এই অভিযানের মাধ্যমে জঙ্গল সলিমপুরে পুলিশ প্রশাসনের নিয়ন্ত্রণ প্রতিষ্ঠিত হয়েছে। এর আগে, বিভিন্ন সময়ে এই এলাকায় অভিযান চালাতে গিয়ে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা হামলার শিকার হয়েছেন। সবশেষ গত ১৯ জানুয়ারি জঙ্গল সলিমপুরে অভিযান চালানোর সময় সন্ত্রাসী হামলায় নিহত হন র‍্যাব-৭-এর উপ-সহকারী পরিচালক মোতালেব হোসেন ভুঁইয়া। মূলত, ওই ঘটনার কারণেই মাদক, অস্ত্র ও নানা বাহিনীর জন্য আলোচিত হয়ে ওঠা জঙ্গল সলিমপুরে বড়ো ধরনের অভিযান চালানোর সিদ্ধান্ত নেয় প্রশাসন। যদিও পুলিশ কর্মকর্তাদের বক্তব্য থেকে ধারণা পাওয়া গেছে যে, ব্যাপক আয়োজনে চালানো এই অভিযানের প্রস্তুতি সম্পর্কিত তথ্য আগেই ফাঁস হয়ে গেছে। পুলিশের চট্টগ্রাম রেঞ্জের ডিআইজি আহসান হাবিব পলাশ বলেছেন, জঙ্গল সলিমপুরে এখন থেকে পুলিশ ও র‍্যাবের দুটি স্থায়ী কেন্দ্রের কার্যক্রম চলবে। "আমাদের মূল ফোকাস ছিল এই বিশাল অংশে আমাদের অধিকার প্রতিষ্ঠা করা এবং আমরা সেটি করতে পেরেছি। আজ থেকে পুলিশ ও র‍্যাবের দুটি ক্যাম্প এখানে কাজ করবে। ক্যাম্পের নিরাপত্তা বিধানে যদি এখানে কামান দেওয়া লাগে, আমরা কামান দেব,„ সাংবাদিকদের বলেছেন তিনি।

### অভিযানে যা যা হয়েছে

চট্টগ্রাম নগরের বায়েজিদ বোস্তামী এলাকা থেকে প্রায় দুই কিলোমিটার পশ্চিমে, এশিয়ান উইমেন ইউনিভার্সিটির বিপরীতে, লিংক রোডের উত্তর পাশে বিস্তৃত তিন হাজার ১০০ একর জায়গাজুড়ে জঙ্গল সলিমপুর নামক এলাকাটি অবস্থিত। পাহাড় কেটে বানানো এই খাসজমির ওপর গড়ে ওঠা এলাকাটি কার্যত 'সন্ত্রাসীদের' কয়েকটি গোষ্ঠী নিয়ন্ত্রণ করে থাকে। সেখানে প্রায় ২০-২৫ হাজার মানুষ বাস করলেও, তাদের জন্য রয়েছে আলাদা পরিচয়পত্র। মূলত, নিম্ন আয়ের বিভিন্ন পেশার শ্রমজীবী মানুষরা কম খরচে বসবাসের জন্য এই এলাকায় বাস করেন। এর বাইরে রয়েছে বিপুলসংখ্যক ছিন্নমূল মানুষের উপস্থিতি। আজ ভোরেই পুরো এলাকা ঘিরে ফেলে সেনাবাহিনী, র‍্যাব, পুলিশসহ বিভিন্ন বাহিনীর সদস্যরা। র‍্যাবের গাড়ি বহরের সাথে একাধিক অ্যাম্বুলেন্সও ঢুকতে দেখা গেছে বলে প্রত্যক্ষদর্শী সাংবাদিকরা জানিয়েছেন। পুলিশ বলছে, বিভিন্ন ধরনের যানবাহন নিয়ে জঙ্গল সলিমপুরে ঢুকেই প্রতিবন্ধকতার মুখে পড়তে হয়েছে আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যদের। পুলিশের অতিরিক্ত ডিআইজি নাজমুল হাসান সাংবাদিকদের জানিয়েছেন যে, ভেতরে ছোটো কালভার্ট ভেঙে রাখার পাশাপাশি, রাস্তায় ট্রাক আড়াআড়ি ফেলে রাখা হয়েছে। একইসঙ্গে অনেক স্পিড ব্রেকার দিয়ে রাখা হয়েছে। "এগুলো সরিয়ে আমাদের যেতে হয়েছে,„ বলেছেন তিনি।

এর আগে, যৌথ বাহিনীর সদস্য একাধিক ভাগে ভাগ হয়ে ভোরে অভিযান শুরু করেন। একই সাথে ওই এলাকায় প্রবেশ ও বের হওয়ার পথগুলোতে যাতায়াত নিয়ন্ত্রণ করতে বসানো হয় চেকপোস্ট। এর আগে, বিভিন্ন সময়ে আইন-শৃঙ্খলা বাহিনীর ওপর সন্ত্রাসীদের হামলার উদাহরণ থাকায় এবার সার্বক্ষণিক ড্রোন ব্যবহার করা হয় নজরদারির জন্য।

কিন্তু, অভিযানে ওই এলাকায় সন্ত্রাসের জন্য যারা বিভিন্ন সময়ে আলোচনায় এসেছিল, তাদের কাউকে গ্রেফতার বা আটক করা গেছে কি-না, সে সম্পর্কে পুলিশের দিক থেকে কিছু জানানো হয়নি। অতিরিক্ত ডিআইজি নাজমুল হাসান বলেছেন, পুলিশ ও র‍্যাবের পাশাপাশি, সেনাবাহিনী ও বিজিবি যৌথভাবে একটি কর্মপরিকল্পনা তৈরি করে এই অভিযান পরিচালনা করছে।

**জঙ্গল সলিমপুর আলোচনায় কেন**

দীর্ঘদিন ধরে পাহাড় কেটে কেটে তৈরি হওয়া এলাকাটিতে প্লট বাণিজ্য, অস্ত্র ও মাদক নিয়ে প্রায়ই বিভিন্ন গোষ্ঠীর মধ্যে আধিপত্য বিস্তারের লড়াই চলে বলে অভিযোগ রয়েছে। এবার ২০২৪ সালের আগস্টে সরকার পরিবর্তনের পর, দুটি গোষ্ঠীর মধ্যে দ্বন্দ্ব চরমে ওঠে ও গোলাগুলির ঘটনা ঘটে। গত ১৯ জানুয়ারি জঙ্গল সলিমপুরে অভিযান চালানোর সময় র‍্যাব সদস্যদের ওপর হামলার ঘটনা ঘটে এবং এতে র‍্যাবের এক সদস্য নিহত হন। এ ঘটনায় ২৯ জনের নাম উল্লেখ করে ও আর ২০০ জন অজ্ঞাত পরিচয়ধারীকে আসামি করে মামলা হয়েছে। মামলায় বলা হয়েছে, র‍্যাব সদস্যদের ওপর হামলা ও চার র‍্যাব সদস্যকে অপহরণ করা হয়েছিল। পরে তাদের সেনাবাহিনী ও পুলিশ উদ্ধার করে। পুলিশ ও র‍্যাব তখন বলেছিল, এলাকাটি নিয়ন্ত্রণ করে বিভিন্ন গ্রুপ। এর মধ্যে রয়েছে ইয়াসিন গ্রুপ, রোকন গ্রুপ কিংবা রিদোয়ান গ্রুপ। র‍্যাব-৭ এর অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল হাফিজুর রহমান তখন র‍্যাবের ওপর হামলার জন্য ইয়াসিন গ্রুপকে অভিযুক্ত করেছিলেন।

স্থানীয় সাংবাদিকদের দেওয়া তথ্য অনুযায়ী, আওয়ামী লীগ সরকার পতনের আগে সলিমপুরের নিয়ন্ত্রণ ছিল মশিউর-গফুর গ্রুপের হাতে এবং এরপর তা চলে যায় রোকন গ্রুপের হাতে। অন্যদিকে, আলীনগর নিয়ন্ত্রণ করত ইয়াসিন গ্রুপ। কিন্তু এই ইয়াসিন গ্রুপ সম্প্রতি রোকন গ্রুপকে সরিয়ে সলিমপুরের নিয়ন্ত্রণও নিয়ে নেয়। আওয়ামী লীগ আমলে ২০২২ সালে একবার র‍্যাবের সাথে 'সন্ত্রাসীদের' গোলাগুলি হয় এবং ওই বছরই সলিমপুরে অবৈধ ঘরবাড়ি উচ্ছেদ অভিযান শেষে জেলা প্রশাসনের লোকদের বাধা দেওয়া হয়। একই বছর আলীনগরে অবৈধ বসতি ভাঙতে গেলে আলীনগরের 'সন্ত্রাসীরা' পুলিশের ওপর হামলা চালায়। ওই বছরই জঙ্গল সলিমপুর এলাকায় চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগারের শাখা, মডেল মসজিদ, স্পোর্টস ভিলেজ ও নভোথিয়েটারসহ বিভিন্ন প্রকল্পের উদ্যোগ নেওয়া হয়। কিন্তু, জঙ্গল সলিমপুরের নিয়ন্ত্রণ প্রশাসনের হাতে না থাকায় প্রকল্পগুলোর কোনো অগ্রগতি হয়নি। এখন পুলিশ কর্মকর্তারা ইঙ্গিত দিচ্ছেন যে, আজকের যৌথ অভিযানের মূল উদ্দেশ্য ছিল জঙ্গল সলিমপুরে আইন-শৃঙ্খলা বাহিনীর, বিশেষ করে র‍্যাব ও পুলিশের দুটি স্থায়ী কেন্দ্র নিশ্চিত করা, যার মাধ্যমে ওই এলাকায় প্রশাসনের নিয়ন্ত্রণ তৈরি হবে বলে তারা আশা করছেন। (বিবিসি ওয়েব পেজ : ০৯.০৩.২০২৬ আলী আহমেদ)

## ২০২২ সালের পর প্রথমবার ব্যারেলপ্রতি তেলের দাম ১০০ ডলার ছাড়িয়েছে

মধ্যপ্রাচ্যে যুদ্ধ চলতে থাকায় ২০২২ সালের পর প্রথমবারের মতো অপরিশোধিত তেলের দাম ব্যারেলপ্রতি ১০০ ডলার (৭৫ পাউন্ড) ছাড়িয়েছে। আশঙ্কা করা হচ্ছে, যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের সঙ্গে ইরানের যুদ্ধ চলমান থাকায় হরমুজ প্রণালি দিয়ে তেল পরিবহণ আরও দীর্ঘ সময় ধরে বন্ধ থাকলে পেট্রোলের দাম আরও বাড়তে পারে। এদিকে, দাম বাড়া নিয়ে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, বিশ্বে শান্তি আনার জন্য এটি "খুবই সামান্য একটি মূল্য।„ উল্লেখ্য, বিশ্বের মোট তেল সরবরাহের প্রায় এক পঞ্চমাংশ সাধারণত হরমুজ প্রণালি দিয়ে পরিবাহিত হয়। কিন্তু সপ্তাহ খানেক আগে ইরানে যুদ্ধ শুরু হওয়ার পর থেকে এই সরু নৌপথ দিয়ে চলাচল প্রায় বন্ধ হয়ে গেছে।

(বিবিসি ওয়েব পেজ: ০৯.০৩.২০২৬ এলিনা)

## মোজতবা খামেনিকে ইরানের নতুন সর্বোচ্চ নেতা ঘোষণা

ইরানের অ্যাসেম্বলি অফ এক্সপার্টস মোজতবা খামেনিকেই দেশটির নতুন সর্বোচ্চ নেতা হিসেবে বেছে নিয়েছে বলে দেশটির রাষ্ট্রীয় সংবাদমাধ্যম জানিয়েছে। ১৯৬৯ সালের ৮ সেপ্টেম্বর ইরানের উত্তর-পূর্বাঞ্চলীয় শহর মাশহাদে জন্মগ্রহণ করেন মোজতবা। তিনি খামেনির ছয় সন্তানের মধ্যে দ্বিতীয়। তেহরানের ধর্মীয় আলাভি স্কুলে তিনি মাধ্যমিক শিক্ষা লাভ করেন। ইরানি গণমাধ্যমের তথ্য অনুযায়ী, ১৭ বছর বয়সে ইরান-ইরাক যুদ্ধ চলাকালে তিনি স্বল্প সময়ের জন্য বেশ কয়েকবার সেনাবাহিনীতে কাজ করেছিলেন। গত ২৮ ফেব্রুয়ারি আমেরিকা ও ইসরায়েলের হামলায় ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনির বাসভবন ও কার্যালয় কম্পাউন্ড ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়। এরপর থেকেই আলোচনায় ছিল যে, কে হতে যাচ্ছেন ইরানের নতুন নেতা? (বিবিসি ওয়েব পেজ: ০৯.০৩.২০২৬ এলিনা)

## বাহরাইনে ড্রোন হামলায় অন্তত ৩২ জন আহত : রাষ্ট্রীয় গণমাধ্যম

বাহরাইনের রাষ্ট্রীয় বার্তা সংস্থা বাহরাইন নিউজ এজেন্সি জানিয়েছে, দেশটির রাজধানী মানামার কাছে ইরানের ড্রোন হামলায় কমপক্ষে ৩২ জন আহত হয়েছেন। স্বাস্থ্য মন্ত্রণালয়ের বরাত দিয়ে প্রতিবেদনে বলা হয়, আহতদের সবাই বাহরাইনের নাগরিক। আহতদের মধ্যে ১৭ বছর বয়সি এক মেয়ে রয়েছে, যার মাথা ও চোখে গুরুতর আঘাত লেগেছে। আহতদের মধ্যে একজন দুই মাস বয়সি শিশুও রয়েছে। প্রতিবেদন অনুযায়ী, আহতদের মাঝে চারজনের অবস্থা গুরুতর। কোনো কোনো শিশুর অস্ত্রোপচারও করতে হয়েছে।(বিবিসি ওয়েব পেজ: ০৯.০৩.২০২৬ এলিনা)

## ইরানের নতুন সর্বোচ্চ নেতা নিয়ে `খুশি নন, ট্রাম্প : ফক্স নিউজ

ইরানের নতুন সর্বোচ্চ নেতা হিসেবে মোজতবা খামেনিকে নির্বাচন করায়, খুশি নন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প, জানিয়েছে ফক্স নিউজ। ফক্স নিউজের একটি অনুষ্ঠানের উপস্থাপক ব্রিয়ান কিলমেড বলেন যে, নতুন সর্বোচ্চ নেতা ঘোষণার পর তিনি কথা বলেছেন ডোনাল্ড ট্রাম্পের সাথে। তখন ডোনাল্ড তাকে বলেন, "আমি খুশি নই„। তবে মার্কিন প্রেসিডেন্টের সাথে কথোপকথন নিয়ে বিস্তারিত আর কিছু জানাননি ওই উপস্থাপক এবং ডোনাল্ড ট্রাম্প নিজেও এ বিষয়ে এখনো প্রকাশ্যে কোনো মন্তব্য করেননি।(বিবিসি ওয়েব পেজ: ০৯.০৩.২০২৬ এলিনা)

## আরব রাষ্ট্রনেতাদের সঙ্গে কথা বলেছেন ভারতের প্রধানমন্ত্রী

মধ্যপ্রাচ্যের যুদ্ধ পরিস্থিতি নিয়ে ভারতের অবস্থান কী? এই প্রসঙ্গে সংসদের উচ্চকক্ষ রাজ্যসভায় আজ (সোমবার) বক্তৃতা দিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্কর। "ভারত শান্তির পক্ষে„, এই মর্মে বার্তা দেন তিনি। এ দিন বক্তৃতার সময়ে তিনি জানান, ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নিজে আরব দেশগুলি যথা- সংযুক্ত আরব আমিরাতের প্রেসিডেন্ট, কাতারের আমির, সৌদি আরবের যুবরাজ, কুয়েতের যুবরাজ, বাহরাইনের রাজা, ওমানের সুলতান, জর্ডানের রাজা এবং ইসরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহুর সঙ্গে কথা বলেছেন। তারা সকলেই ওইসব দেশে অবস্থানকারী ভারতীয় নাগরিকদের সুরক্ষা নিশ্চিত করবেন বলে কথা দিয়েছেন বলে মি. জয়শঙ্কর জানান। পররাষ্ট্রমন্ত্রী আরো বলেন, ইরানেও কয়েক হাজার ভারতীয় নাগরিক আটকে রয়েছেন। কিন্তু এই মুহূর্তে ইরানের রাষ্ট্রপ্রধানদের সঙ্গে যোগাযোগ করা সমস্যাজনক বলেও জানিয়েছেন তিনি। মধ্যপ্রাচ্যের যুদ্ধ পরিস্থিতির অবনতির সঙ্গে বন্ধ হয়ে গিয়েছে হরমুজ প্রণালিও। এর ফলে, ভারতে জ্বালানি সংকটের আশঙ্কা করছেন সাধারণ মানুষ। এই বিষয়ে নিশ্চিন্ত থাকার আবেদন জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী। "সাধারণ মানুষের সুবিধাই সরকারের ক্ষেত্রে সর্বোচ্চ অগ্রাধিকার বলে বিবেচিত হচ্ছে„, বলেন জয়শঙ্কর। এমনকি কূটনৈতিকভাবে আমেরিকার সঙ্গেও কথাবার্তা চালাচ্ছে ভারত। "ভারত মনে করে, কূটনৈতিক যোগাযোগের মধ্যদিয়েই পরিস্থিতি নিয়ন্ত্রণে আনা সম্ভব। এ ছাড়াও ওইসব দেশে অবস্থানকারী ভারতীয়দের নিরাপত্তা এবং জ্বালানি ও বাণিজ্যের সুরক্ষা সুনিশ্চিত করাকেও ভারত সর্বোচ্চ প্রাধান্য দিচ্ছে„ জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্কর। এর পরে সংসদের নিম্নকক্ষ লোকসভাতেও বক্তৃতা দেন পররাষ্ট্রমন্ত্রী। সেখানে তিনি জানান, ইরানে অবস্থানকারী ভারতীয়দের আর্মেনিয়া হয়ে ফিরিয়ে নিয়ে আসার ব্যবস্থা করা হচ্ছে। ইরানে ভারতের দূতাবাস এই লক্ষ্যে কাজ করছে এবং ইরানও জানিয়েছে তারা সব রকম সহায়তা করতে প্রস্তুত। ভারতীয় নাগরিকদের উপসাগরীয় দেশগুলি থেকে ফিরয়ে আনার জন্য তাদের নিরাপদ বর্ডার ক্রসিংয়ের মাধ্যমে সচল বিমানবন্দরগুলিতে নিয়ে আসা হচ্ছে। যখন যে এয়ারস্পেস খুলেছে, সেই স্পেসের মাধ্যমে ভারতীয়দের ফিরিয়ে নিয়ে আসার কাজ চলছে।
(বিবিসি ওয়েব পেজ: ০৯.০৩.২০২৬ এলিনা)

## ইরানের ছোড়া ক্ষেপণাস্ত্র ভূপাতিত করেছে তুরস্ক, সংযুক্ত আরব আমিরাত ও কাতার

তুরস্ক, সংযুক্ত আরব আমিরাত ও কাতার জানিয়েছে, সোমবার তারা ইরানের ছোড়া ক্ষেপণাস্ত্র ভূপাতিত করেছে। তুরস্কের প্রতিরক্ষা মন্ত্রণালয় এক বিবৃতিতে জানিয়েছে, ইরান থেকে ছোড়া দ্বিতীয় একটি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র তুরস্কের আকাশসীমায় ঢোকার পর নেটোর এয়ার অ্যান্ড ডিফেন্স ব্যবস্থার মাধ্যমে সেটি ধ্বংস করা হয়েছে। ক্ষেপণাস্ত্রটির ধ্বংসাবশেষ দক্ষিণাঞ্চলের গাজিয়ানতেপ শহরের ফাঁকা জমিতে পড়েছে। সংযুক্ত আরব আমিরাতের প্রতিরক্ষা মন্ত্রণালয় জানিয়েছে, আজ তারা **১৫**টি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র শনাক্ত করেছে। এর মধ্যে **১২**টি ভূপাতিত করা হয়েছে এবং তিনটি সাগরে পড়ে গেছে। এছাড়া, তারা **১৮**টি ড্রোন শনাক্ত করেছে। এর মধ্যে **১৭**টি ড্রোনই ধ্বংস করা হয়েছে, আর একটি সংযুক্ত আরব আমিরাতের ভেতরে বিধ্বস্ত হয়েছে। কাতারের প্রতিরক্ষা মন্ত্রণালয় বলেছে, দেশটিকে লক্ষ্য করে একটি ক্ষেপণাস্ত্র ছুড়েছে ইরান। তবে সেই ক্ষেপণাস্ত্রকে কাতারের সশস্ত্র বাহিনী ভূপাতিত করেছে। বার্তা সংস্থা এএফপি ও রয়টার্সেও বলা হয়েছে যে, কাতারের রাজধানী দোহায় আজ সোমবার একটি বিস্ফোরণের শব্দ শোনা গেছে।
(বিবিসি ওয়েব পেজ: ০৯.০৩.২০২৬ রনি)

## যুক্তরাজ্যের গ্লস্টারশায়ারের আরএএফ ঘাঁটিতে পৌঁছেছে মার্কিন বোমারু বিমান

গত ৭২ ঘণ্টায় যুক্তরাজ্যের গ্লস্টারশায়ারের আরএএফ ফেয়ারফোর্ড ঘাঁটিতে বিমান চলাচল উল্লেখযোগ্যভাবে বেড়েছে। মার্কিন যুক্তরাষ্ট্র সেখানে তাদের কিছু ভারী বোমারু বিমান মোতায়েন করেছে। আজ সকালে তিনটি বি-৫২ বোমারু বিমান সেখানে অবতরণ করেছে। মধ্যপ্রাচ্যে চলমান এই সংঘাতের সময় যুক্তরাজ্যে প্রথমবারের মতো বি-৫২ দেখা গেল। **১৯৫০**-এর দশকে যুক্তরাষ্ট্রের বিমানবাহিনীতে যুক্ত হওয়া এই বোমারু বিমানগুলো ভিয়েতনাম থেকে আফগানিস্তান পর্যন্ত বিভিন্ন যুদ্ধে ব্যবহৃত হয়েছে। কিছু বি-৫২ যুক্তরাষ্ট্রের স্ট্র্যাটেজিক কমান্ডের অংশ, যার অর্থ এগুলো পারমাণবিক অস্ত্র বহন করতে পারে। এই সুপারসনিক বিমানগুলো দীর্ঘ পথ অতিক্রম করতে পারে এবং সর্বোচ্চ **২৪**টি ক্রুজ ক্ষেপণাস্ত্র বহন করতে সক্ষম। ফেয়ারফোর্ড ঘাঁটিতে **১০** হাজার ফুট দীর্ঘ রানওয়ে রয়েছে, যা এই বিশাল

আকারের বিমানের জন্য উপযোগী। এসব বিমান দেখতে ঘাঁটির চারপাশে অনেক সাংবাদিক ও স্থানীয়রা জড়ো হয়েছেন। (বিবিসি ওয়েব পেজ: ০৯.০৩.২০২৬ রনি)

## ইসরায়েলের দিকে আরও ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করেছে ইরান : আইডিএফ

ইসরায়েলি প্রতিরক্ষা বাহিনী (আইডিএফ) জানিয়েছে, ইসরায়েলের দিকে আরও ক্ষেপণাস্ত্র ছুড়েছে ইরান। এ কারণে ইসরায়েলের বিভিন্ন এলাকায় সতর্কতা সাইরেন বাজানো হয়েছে এবং জনগণকে নিরাপদ আশ্রয়ে যাওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। ইরান থেকে ছোড়া ক্ষেপণাস্ত্রগুলো ভূপাতিত করার চেষ্টা করছে দেশটির সেনাবাহিনী।
(বিবিসি ওয়েব পেজ: ০৯.০৩.২০২৬ রনি)

# এনএইচকে

## সর্বোচ্চ নেতা হিসেবে মোজতবা খামেনিকে মনোনীত করা হয়েছে : ইরানের গণমাধ্যম

ইরানি গণমাধ্যম জানিয়েছে যে, বিশেষজ্ঞ পরিষদ রবিবার মোজতবা খামেনিকে দেশটির সর্বোচ্চ নেতা হিসেবে মনোনীত করেছে। তিনি আয়াতুল্লাহ আলি খামেনির দ্বিতীয় পুত্র, ইরানের উপর চলমান মার্কিন-ইসরায়েলি সামরিক আগ্রাসনে প্রাথমিক পর্যায়ে যিনি নিহত হন। মোজতবা খামেনি ইসলামিক রেভোলিউশনারি গার্ড কর্পসের সাথে ঘনিষ্ঠ সম্পর্ক রয়েছে বলে জানা গেছে। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন যে, ইরানের প্রয়াত সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলি খামেনির উত্তরসূরিকে ”যুক্তরাষ্ট্রের অনুমোদন নিতে হবে„। তিনি আরও বলেন, মার্কিন অনুমোদন ছাড়া উত্তরসূরি ”দীর্ঘদিন টিকতে পারবে না„। রবিবার এবিসি নিউজের সাথে এক ফোনালাপে ট্রাম্প এই মন্তব্য করেন। পরে, ইরানি গণমাধ্যম জানিয়েছে, বিশেষজ্ঞ পরিষদ খামেনির দ্বিতীয় পুত্র মোজতবাকে দেশের নতুন সর্বোচ্চ নেতা হিসেবে মনোনীত করেছে।(এনএইচকে ওয়েবপেইজ: ০৯.০৩.২৬ রনি)

# ডয়চে ভেলে

## সৌদিতে এক ভারতীয় ও এক বাংলাদেশির মৃত্যু

সৌদি আরবে রিয়াদের দক্ষিণে আল খার্জ-এ ইরানের প্রজেকটাইল বা সামরিক প্রক্ষেপক-এর আঘাতে একজন ভারতীয় ও একজন বাংলাদেশির মৃত্যু হয়েছে। ইরানের সঙ্গে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যুদ্ধ শুরু হওয়ার পর এই প্রথম একজন ভারতীয়র মৃত্যু হলো। ইরান তার প্রতিবেশী সৌদি আরবের উপর ড্রোন ও ক্ষেপণাস্ত্র হামলা অব্যাহত রেখেছে। সৌদির সিভিল ডিফেন্স এজেন্সি জানিয়েছে, একটি সামরিক প্রক্ষেপক আবাসিক এলাকায় একটি বাড়িতে গিয়ে লাগে। আল খার্জে বড়ো বিমানঘাঁটি আছে এবং গত এক সপ্তাহ ধরে তেহরান সেখানে বারবার হামলা করার চেষ্টা করেছে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৯.০৩.২০২৬ রুবাইয়া)

## ওসমান হাদি হত্যার দুই আসামিকে দেশে ফিরিয়ে আনার কাজ চলছে : স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, ইনকিলাব মঞ্চের আহ্বায়ক শহিদ শরিফ ওসমান বিন হাদি হত্যা মামলার দুই আসামিকে ভারত থেকে দেশে ফিরিয়ে আনার জন্য সরকার কাজ করছে। এ ব্যাপারে পররাষ্ট্র মন্ত্রণালয়ের সঙ্গে কথা বলে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে বলেও জানিয়েছেন তিনি। আজ সোমবার দুপুরে কক্সবাজার জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভা শেষে এক সংবাদ সম্মেলনে স্বরাষ্ট্রমন্ত্রী এ কথা বলেন। গত শনিবার দিবাগত রাতে শহিদ ওসমান হাদি হত্যাকাণ্ডের প্রধান আসামি ফয়সাল করিম মাসুদ ও তার সহযোগী আলমগীর হোসেনকে গ্রেফতার করে ভারতীয় পুলিশ। বাংলাদেশ সীমান্তবর্তী পশ্চিমবঙ্গের বনগাঁ এলাকায় অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়। পশ্চিমবঙ্গ পুলিশের স্পেশাল টাস্কফোর্স (এসটিএফ)-এর এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। এরপর বাংলাদেশ সরকার গ্রেফতার দুই আসামিকে দেশে ফিরিয়ে আনার প্রক্রিয়া শুরু করে বলে জানা গেছে। মব তৈরি করে আইন হাতে তুলে নেওয়ার প্রসঙ্গে সালাহউদ্দিন আহমদ বলেন, সব ঘটনাকে মব দাবি করা ভুল। অনেকেই কিছু বিচ্ছিন্ন ঘটনাকে মব বলছে। তবে মবকে কোনোভাবেই প্রশ্রয় দেওয়া হচ্ছে না। মব বন্ধে সরকার কাজ করছে।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৯.০৩.২০২৬ রুবাইয়া)

## সীতাকুণ্ডের জঙ্গল সলিমপুরে যৌথ বাহিনীর অভিযান

চট্টগ্রামের সীতাকুণ্ডের জঙ্গল সলিমপুরে যৌথ বাহিনী অভিযান শুরু করেছে। সোমবার সকাল ছয়টা থেকে সেনাবাহিনী, পুলিশ, র‍্যাবের এই যৌথ অভিযানে প্রায় চার হাজার সদস্য অংশগ্রহণ করছেন। গত জানুয়ারি মাসে অভিযানে গিয়ে র‍্যাব কর্মকর্তা নিহত হওয়ার পর নতুন করে আলোচনায় আসে জঙ্গল সলিমপুর। এরপর সেখানে সমন্বিত অভিযান চালানোর বিষয়টি সামনে আসে। জাতীয় সংসদ নির্বাচন সামনে থাকায় তখন আর অভিযান চালানো হয়নি। চট্টগ্রাম জেলা পুলিশের অতিরিক্ত সুপার (গণমাধ্যম) মো. রাসেল ডিডাব্লিউর কনটেন্ট পার্টনার প্রথম আলোকে বলেন, ”যৌথ বাহিনীর চার হাজার সদস্য অভিযানে অংশ নিচ্ছেন। অভিযানের বিস্তারিত পরে জানানো হবে।„ জঙ্গল সলিমপুরের চারপাশ ঘিরে ফেলে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। প্রবেশ ও বাহিরের পথগুলোতে বসানো হয় তল্লাশি চৌকি, যাতে অভিযান শুরুর পর কেউ পালিয়ে যেতে না পারে। আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা বিভিন্ন দলে ভাগ হয়ে

অভিযানে অংশ নিচ্ছেন। অতীতে অভিযানে গিয়ে হামলার শিকার হয়েছিল আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। এ কারণে তারা অভিযানে কৌশল অবলম্বন করছে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৯.০৩.২০২৬ রুবাইয়া)

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগ করার অভিযোগে শিক্ষার্থীকে মারধর

নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগে জড়িত থাকার অভিযোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ে রাহিদ খান পাভেল নামে একজন শিক্ষার্থীকে মারধর করা হয়েছে। গতকাল রোববার দিবাগত রাত ৩টার পরে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এ ঘটনা ঘটে। মারধরের পর তাকে শাহবাগ থানায় রেখে আসা হয়। রাহিদ অভিযোগ করেছেন, বৈষম্যবিরোধী ছাত্র-আন্দোলনের নেতারা তাকে মারধর করেছেন। রাহিদ খান পাভেল ঢাকা বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের ২০২০-২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থী। মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হলের আবাসিক শিক্ষার্থী তিনি। রাহিদ শাহবাগ থানায় ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার প্রথম আলোকে বলেন, "ওরা আমার মাথায়, হাতে, পুরো শরীরে ইট, বেল্ট, মোটরসাইকেলের লক দিয়ে মেরেছে। শুরুতে এসএম হলের সামনে, এরপর ভিসি চত্বরের সামনে, রিকশা থেকে নামিয়ে মেরেছে। কবি কাজী নজরুল ইসলামের সমাধির সামনে এবং শাহবাগ থানার সামনে আমাকে ফেলে যাচ্ছেতাইভাবে মেরেছে। থানার ভেতর যখন ওরা আমাকে মেরেছে, তখন পুলিশ আমাকে সেভ করেছে।" রাহিদ অভিযোগ করেন, বৈষম্যবিরোধী ছাত্র-আন্দোলনের হাসিব আল ইসলাম, মো. সাইফুল্লাহ, সর্দার নাদিম মোহাম্মদ শুভ, আবরারসহ আরো কয়েকজন তাকে মারধর করেছেন। ঘটনার সময় উপস্থিত থাকা হাজী মুহাম্মদ মুহসীন হল সংসদের সমাজসেবা সম্পাদক ও জাতীয় ছাত্রশক্তির ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সাংগঠনিক সম্পাদক মো. সাইফুল্লাহ প্রথম আলোকে বলেন, "জুলাই আন্দোলনের সময় রাহিদ একজন হামলাকারী ছিল। বিভাগ আর হল- দুই জায়গা থেকে ওকে বয়কট করা হয়েছে। এর আগেও, শিক্ষার্থীরা ওকে আটক করে থানায় দিয়েছিল। ক্যাম্পাসে আর আসবে না- এ শর্তে রাহিদের মা-বাবা নিয়ে গিয়েছিল।"

সাইফুল্লাহ আরো বলেন, "ইদানীং সে (রাহিদ) ক্যাম্পাসে এসে সাবেক ছাত্রলীগারদের নিয়ে ইফতার মাহফিল করে, প্রোগ্রাম করে। সে ক্যাম্পাসে ছাত্রলীগের পোস্টারিং করেছে। আজকে ওকে ধরার পর ফোন চেক করতে গেলে, উল্টো সে রিঅ্যাক্ট করে। পরে আটক করে থানায় দেওয়া হয়েছে।" বৈষম্যবিরোধী ছাত্র-আন্দোলনের সাবেক নেতা এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের চতুর্থ বর্ষের শিক্ষার্থী মোহাম্মদ সাকিব প্রথম আলোকে বলেন, "সে (রাহিদ) ছাত্রলীগ করতো, এটা সবাই জানে। কট্টর ছাত্রলীগার ছিল। হল আর বিভাগ দুইটা থেকেই বহিষ্কৃত।" তবে রাহিদ ছাত্রলীগের কোনো কমিটিতে ছিলেন কিনা, সেটা নিশ্চিত করে জানাতে পারেনি অভিযোগকারীরা। রাজনৈতিক সম্পৃক্ততার অভিযোগের বিষয়ে রাহিদ বলেন, "আমি কোনো রাজনৈতিক দলের সঙ্গে সম্পৃক্ত না। আমি ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিয়মিত শিক্ষার্থী। নিয়মিত ক্লাস করি। চাইলে দর্শন বিভাগের শিক্ষকদের সঙ্গে কথা বলে দেখতে পারেন।" আহত রাহিদকে পুলিশ ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করিয়েছে। শাহবাগ থানার পরিদর্শক (অপারেশনস) খোকন মিয়া প্রথম আলোকে বলেন, "তাকে অসুস্থ অবস্থায় ঢাকা মেডিক্যালে আমরা ভর্তি করেছি, চিকিৎসা চলছে।" রাহিদের বিরুদ্ধে কোনো অভিযোগ দেওয়া হয়েছে কিনা জানতে চাইলে খোকন মিয়া বলেন, "এখন পর্যন্ত কেউ অভিযোগ দেয়নি। `আইনি প্রক্রিয়া, চলছে।" (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৯.০৩.২০২৬ রুবাইয়া)

## ইরান যুদ্ধের প্রভাবে তেলের দাম ২৫ শতাংশ বাড়লো

ইরানের সঙ্গে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যুদ্ধের প্রভাব পড়ছে তেলের বাজারে। ক্রমাগত বাড়ছে তেলের দাম। সোমবার ২৫ শতাংশ বেড়েছে তেলের দাম, যা ২০২২-এর মধ্যভাগের পর সবচেয়ে বেশি বৃদ্ধি। অপরিশোধিত তেলের দাম এখন ব্যারেল পিছু ১১০ মার্কিন ডলার। সোনার দাম পড়েছে দুই শতাংশ। ইরানের সঙ্গে আমেরিকা ও ইসরায়েলের সংঘর্ষে দাম বাড়ছে ডলারের, সম্ভাবনা কমছে সুদের হার কমার। তেলের দাম বাড়ায় দাম বাড়ছে কৃষিজাত পণ্যেরও। মার্কেট অ্যানালিস্ট টনি সিকামোর সংবাদসংস্থা রয়টার্সকে জানান, মধ্যপ্রাচ্যের পরিস্থিতি শান্ত হওয়ার কোনো লক্ষণ না দেখা যাওয়ায় বাজারে তার প্রভাব পড়ছে। তিনি বলেন, "দুইপক্ষের কেউই নিজেদের জমি ছাড়তে নারাজ।" বাজারে এর ফল দীর্ঘমেয়াদি হবে বলে জানান তিনি। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৯.০৩.২০২৬ রুবাইয়া)

## ঢাকায় কুকুর হত্যার দায়ে তিনজনের কারাদণ্ড

পাঁচ বছরেরও বেশি আগে ২০টি বেওয়ারিস কুকুর হত্যার ঘটনায় তিনজনকে কারাদণ্ড দিয়েছেন ঢাকার মুখ্য মহানগর হাকিম আদালত। গতকাল রোববার এ রায় ঘোষণা করা হয়। রায় অনুযায়ী, অভিযুক্ত তিনজনের প্রত্যেককে আড়াই বছর করে কারাভোগ করার পাশাপাশি, ২০০০ টাকা করে জরিমানাও দিতে হবে। আদালতের কর্মকর্তা সাইম উদ্দিন জানান, জরিমানা অনাদায়ে অভিযুক্তদের অতিরিক্ত এক মাসের কারাদণ্ডেরও নির্দেশ দিয়েছেন আদালত। তদন্তকারীরা জানান, অভিযুক্ত তিনজন ২০২১ সালে ঢাকার যাত্রাবাড়িতে লোহার রড, প্লায়ার এবং প্রাণঘাতী ইনজেকশন ব্যবহার করে ২০টি কুকুর হত্যা করে মৃতদেহগুলো বস্তায় ভরে ফেলে দেয়। পুলিশ কর্মকর্তা শফিকুল ইসলাম জানান, ঘটনার সময় ভিডিওতে ওই দৃশ্য ধারণ করা হয়েছিল। সেই ভিডিও ফুটেজের ভিত্তিতে পরে অভিযুক্তদের শনাক্ত করা হয় বলেও জানান তিনি। ঘটনার দুইদিন পর ২০২১ সালের ২৫ জানুয়ারি স্বেচ্ছাসেবামূলক সংগঠন অ্যানিমেল লাভার্স অফ

বাংলাদেশ মামলা করে। অভিযুক্তদের বিরুদ্ধে আনুষ্ঠানিক অভিযোগ গঠনের পর, ২০২৪ সালের মে মাসে আদালতে বিচারকাজ শুরু হয়। গতকাল রোববার অভিযুক্তদের ২০১৯ সালের প্রাণী কল্যাণ আইনে বেওয়ারিস কুকুর হত্যার দায়ে দোষী সাব্যস্ত করে প্রত্যেকের বিরুদ্ধে শাস্তি ঘোষণা করে। দোষীদের মধ্যে দুইজন এখনো পলাতক। তাদের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেছেন আদালত। তৃতীয়জনকে রায় ঘোষণার পরই হেফাজতে নেওয়া হয়।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৯.০৩.২০২৬ রুবাইয়া)

# জাগো নিউজ

## মঙ্গলবার নারীদের হাতে ফ্যামিলি কার্ড তুলে দেবেন প্রধানমন্ত্রী

ফ্যামিলি কার্ড বিতরণের পরীক্ষামূলক (পাইলট) কার্যক্রম আগামীকাল মঙ্গলবার থেকে শুরু হচ্ছে। রাজধানীর কড়াইল এলাকায় নারীদের হাতে এই কার্ড তুলে দিয়ে কর্মসূচির উদ্‌বোধন করবেন প্রধানমন্ত্রী তারেক রহমান। একই দিন সুবিধাভোগী পরিবারগুলোর কাছে মোবাইল ফোনে প্রথম মাসের নগদ সহায়তা পৌঁছে যাবে। এই কর্মসূচি উদ্‌বোধন উপলক্ষ্যে অর্থ ও পরিকল্পনামন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী চট্টগ্রামে এবং বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির সুনামগঞ্জে উপস্থিত থাকবেন। নির্বাচনি প্রতিশ্রুতির অংশ হিসেবে প্রাথমিকভাবে দেশের ১৪ উপজেলার একটি করে ওয়ার্ডে এই ফ্যামিলি কার্ড দেওয়া হবে। এর আওতায় প্রতিটি পরিবার মাসে আড়াই হাজার টাকা করে নগদ সহায়তা পাবে। এ বিষয়ে গত ১৯ ফেব্রুয়ারি অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরীকে সভাপতি করে ১৫ সদস্যের একটি কমিটি গঠন করা হয়েছে। কয়েক দিন আগে সরকারের পক্ষ থেকে জানানো হয়েছিল, এই কর্মসূচির আনুষ্ঠানিক উদ্‌বোধন বগুড়ায় হবে। তবে পরে সিদ্ধান্ত পরিবর্তন করে ঢাকার কড়াইল এলাকায় উদ্‌বোধনের সিদ্ধান্ত নেওয়া হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৩.২০২৬ রিহাব)

## শুরুতে ফ্যামিলি কার্ড পাবে ৩৭ হাজার ৫৬৭ পরিবার

নারীর ক্ষমতায়ন, অধিকার, মর্যাদা ও অর্থনৈতিক স্বাধীনতা নিশ্চিত করার লক্ষ্যে নারী প্রধান পরিবারের নামে `ফ্যামিলি কার্ড, চালু করতে যাচ্ছে সরকার। পাইলট কর্মসূচির আওতায় প্রথম ধাপে দেশের বিভিন্ন এলাকার মোট ৩৭ হাজার ৫৬৭টি নারী প্রধান পরিবার এ কার্ড পাবে। মঙ্গলবার সকাল ১০টায় রাজধানীর বনানীর টি অ্যান্ড টি খেলার মাঠে এ কর্মসূচির আনুষ্ঠানিক উদ্‌বোধন করবেন প্রধানমন্ত্রী তারেক রহমান। সোমবার সচিবালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান সমাজকল্যাণ মন্ত্রী আবু জাফর মো. জাহিদ হোসেন। তিনি জানান, নারীর ক্ষমতায়ন এবং সামাজিক ন্যায় প্রতিষ্ঠার লক্ষ্যেই এ উদ্যোগ নেওয়া হয়েছে। পরিবারে নারীকে প্রধান হিসেবে স্বীকৃতি দিয়ে, তার নামে `ফ্যামিলি কার্ড, দেওয়ার মাধ্যমে বিভিন্ন সামাজিক সুরক্ষা সুবিধা সহজে পৌঁছে দেওয়া হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৩.২০২৬ আসাদ)

## বন্দি বিনিময় চুক্তিতে হাদি হত্যার আসামিদের ফিরিয়ে আনা হবে : স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমেদ বলেছেন, হাদি হত্যার ঘটনায় ভারতে গ্রেফতার হওয়া আসামিদের দেশে ফিরিয়ে আনার জন্য ইতোমধ্যে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে আনুষ্ঠানিক অনুরোধ পাঠানো হয়েছে। বন্দি বিনিময় চুক্তির আওতায় তাদের দেশে ফিরিয়ে এনে আইনের মুখোমুখি করা হবে। সোমবার কক্সবাজার জেলা প্রশাসকের কার্যালয়ের শহিদ এটিএম জাফর আলম সম্মেলন কক্ষে জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভায় প্রধান অতিথির বক্তব্যে স্বরাষ্ট্রমন্ত্রী এসব কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, দেশে পর্যটন বললেই কক্সবাজারের নাম আসে। ভ্রমণ তালিকায় শীর্ষে থাকা কক্সবাজার সৈকতকে আরও পরিকল্পিত ও আন্তর্জাতিক মানের পর্যটনকেন্দ্রে রূপ দিতে অবৈধ দখলদারিত্বের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। সৈকতকে শৃঙ্খলার মধ্যে এনে জাতীয় ও আন্তর্জাতিক মানে উন্নীত করতে সরকার কাজ করছে। এ লক্ষ্যে আগামী এক সপ্তাহের মধ্যে সৈকতের সব ধরনের অবৈধ স্থাপনা উচ্ছেদ করা হবে। পাশাপাশি, পুরো শহরজুড়ে সিসিটিভি ক্যামেরা সক্রিয় করে আইন-শৃঙ্খলা পরিস্থিতি আরও শক্তিশালী করা হবে। নিরাপদ ও পরিচ্ছন্ন পরিবেশ নিশ্চিত হলেই বিশ্বমানের পর্যটন বিকাশ সম্ভব। (জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৩.২০২৬ আসাদ)

## ঈদযাত্রা চাঁদাবাজিমুক্ত ও নিরাপদ করার ঘোষণা পরিবহণ মালিক সমিতির

আসন্ন ঈদুল ফিতরে ঈদযাত্রা নির্বিঘ্ন, নিরাপদ ও চাঁদাবাজিমুক্ত করার ঘোষণা দিয়েছেন বাংলাদেশ সড়ক পরিবহণ মালিক সমিতির মহাসচিব সাইফুল আলম। আজ সোমবার রাজধানীর সায়েদাবাদ আন্তঃজেলা বাস টার্মিনালে এক মতবিনিময় সভায় এ ঘোষণা দেন তিনি। সায়েদাবাদ টার্মিনালে পরিবহণ মালিক, শ্রমিকদের নিয়ে এ সভার আয়োজন করে বাংলাদেশ সড়ক পরিবহণ মালিক সমিতি। সভায় চট্টগ্রাম, সিলেট, বরিশাল বিভাগের বিভিন্ন জেলায় যাতায়াত করা পরিবহণ মালিক, চালক ও তাদের সহকারীরা অংশ নেন। সভায় আসন্ন ঈদুল ফিতর নির্বিঘ্নে, নিরাপদ ও চাঁদামুক্ত করতে বেশ কিছু পদক্ষেপের কথা জানান বাংলাদেশ সড়ক পরিবহণ মালিক সমিতির মহাসচিব সাইফুল আলম। তিনি জানান, আসন্ন ঈদযাত্রা নির্বিঘ্নে নিরাপদ করতে বাংলাদেশ সড়ক পরিবহণ মালিক সমিতি বদ্ধপরিকর। এজন্য বেশ কিছু পদক্ষেপ নিয়েছে মালিক সমিতি। এর মধ্যে ঈদযাত্রার সময় যাত্রী হয়রানি বন্ধ করা হবে। কোনো পরিবহণে যেন

নির্ধারিত ভাড়ার বেশি নিতে না পারে, সেটা নিশ্চিত করা হবে। ফিটনেসবিহীন কোনো বাস সড়কে চলতে দেওয়া হবে না। মহাসড়কগুলোতে নির্ধারিত গতির চেয়ে বেশি গতিতে চালানো যাবে না। বিরামহীন গাড়ি চালানো যাবে না জানিয়ে সাইফুল আলম বলেন, ঈদ মৌসুমে বেশি টাকা আয়ের জন্য অনেক চালক বিরামহীন গাড়ি চালান। এতে সড়কে দুর্ঘটনা ঘটে। চালকদের অবশ্যই পর্যাপ্ত সময় বিশ্রাম নিয়ে বাস চালাতে হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৩.২০২৬ আসাদ)

## তিস্তা প্রকল্পসহ নতুন উন্নয়ন উদ্যোগে বিনিয়োগে আগ্রহী চীন

বাংলাদেশে চলমান উন্নয়ন প্রকল্পগুলো এগিয়ে নেওয়ার পাশাপাশি, নতুন নতুন উন্নয়ন প্রকল্পে বিনিয়োগে আগ্রহ প্রকাশ করেছে চীন। একইসঙ্গে তিস্তা বাঁধ নির্মাণ প্রকল্পেও আগ্রহের কথা জানিয়েছে দেশটি। সোমবার সচিবালয়ে অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করে বাংলাদেশে নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়ান সাংবাদিকদের এই তথ্য জানান। চীনা রাষ্ট্রদূত বলেন, চীন বাংলাদেশের অন্যতম গুরুত্বপূর্ণ উন্নয়ন সহযোগী। দেশের অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত করতে চীন সহযোগিতা অব্যাহত রাখবে। বিশেষ করে, কর্মসংস্থান সৃষ্টি হয়, এমন প্রকল্পগুলোতে চীনের বিনিয়োগ বাড়ানোর বিষয়ে আগ্রহ প্রকাশ করা হয়েছে। তিনি জানান, বৈঠকে অর্থ ও বাণিজ্যসহ দ্বিপক্ষীয় সহযোগিতার বিভিন্ন বিষয় নিয়ে ইতিবাচক আলোচনা হয়েছে। নতুন বিনিয়োগের মাধ্যমে বাংলাদেশ ও চীনের মধ্যে অর্থনৈতিক সহযোগিতা কীভাবে আরও এগিয়ে নেওয়া যায়, সে বিষয়েও বিস্তারিত আলোচনা হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৩.২০২৬ আসাদ)

## হাদি হত্যার আসামিদের দেশে আনতে কূটনৈতিক তৎপরতা চলছে : আইজিপি

ইনকিলাব মঞ্চের সাবেক মুখপাত্র শরিফ ওসমান হাদি হত্যার আসামিদের দেশে আনার ক্ষেত্রে কূটনৈতিকভাবে কাজ চলছে বলে জানিয়েছেন বাংলাদেশ পুলিশের নতুন মহাপরিদর্শক মো. আলী হোসেন ফকির। সোমবার পুলিশ হেডকোয়ার্টার্স মিডিয়া সেন্টারে সমসাময়িক নানা ইস্যুতে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এ কথা জানান। আইজিপি বলেন, হাদি হত্যার আসামি ফয়সাল ও আলমগীরকে দেশে আনার ক্ষেত্রে কূটনৈতিকভাবে কাজ চলছে। তাদেরকে অচিরেই ফিরিয়ে আনা হবে। এসময় তিনি আরও জানান, পুলিশের পক্ষ থেকে একটি সন্ত্রাসী তালিকা প্রস্তুত করা হয়েছে। ওই তালিকার ভিত্তিতে শিগ্গির দেশব্যাপী সাঁড়াশি অভিযান শুরু করা হবে, যাতে সন্ত্রাসী ও চাঁদাবাজদের বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা নেওয়া যায়। আসন্ন ঈদুল ফিতরকে সামনে রেখে মহাসড়কে নিরাপত্তা জোরদারের কথাও জানান আইজিপি। তিনি বলেন, ঈদযাত্রার সময় মহাসড়কে ছিনতাই, ডাকাতি কিংবা চাঁদাবাজির মতো কোনো অপরাধ সংঘটিত হতে দেওয়া হবে না। যাত্রীদের নিরাপত্তা নিশ্চিত করতে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী সতর্ক অবস্থানে থাকবে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৩.২০২৬ আসাদ)

## সৌদি আরবে বিমান হামলায় দুই বাংলাদেশি নিহত, শোক প্রকাশ সরকারের

মধ্যপ্রাচ্যে চলমান যুদ্ধে সৌদি আরবের আল-খারজ গভর্নরেটে বিমান হামলায় দুই বাংলাদেশি নিহত ও আরও কয়েকজন আহত হওয়ার ঘটনায় গভীর শোক প্রকাশ করেছে বাংলাদেশ সরকার। এ অঞ্চলে নিরীহ বাংলাদেশি বেসামরিক নাগরিকদের প্রাণহানি অব্যাহত থাকা গভীর উদ্বেগের বিষয় বলে উল্লেখ করেছে সরকার। সোমবার (৯ মার্চ) পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক বিবৃতিতে এ তথ্য জানানো হয়েছে। সৌদিতে নিহত দুই বাংলাদেশি হলেন কিশোরগঞ্জের কটিয়াদীর বাসিন্দা বাচ্চু মিয়া এবং টাঙ্গাইলের সখীপুরের বাসিন্দা মোশাররফ হোসেন। আহতরা স্থানীয় হাসপাতালে চিকিৎসা নিচ্ছেন। পররাষ্ট্র মন্ত্রণালয় জানায়, রিয়াদে অবস্থিত বাংলাদেশ দূতাবাসের কর্মকর্তারা হাসপাতালে গিয়ে আহতদের খোঁজ-খবর নিয়েছেন। নিহতদের মরদেহ দেশে ফিরিয়ে আনার বিষয়ে তারা সৌদি কর্তৃপক্ষের সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগ রক্ষা করছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৩.২০২৬ রিহাব)

## নৌ-পুলিশের প্রধানসহ ৫ অতিরিক্ত আইজিপি বাধ্যতামূলক অবসরে

নৌ-পুলিশের প্রধান কুসুম দেওয়ানসহ একযোগে বাংলাদেশ পুলিশের পাঁচজন অতিরিক্ত আইজিপিকে বাধ্যতামূলক অবসরে পাঠিয়েছে সরকার। অবসরে পাঠানো বাকি চারজন অতিরিক্ত আইজিপি হলেন- পুলিশ সদর দপ্তরের অতিরিক্ত আইজিপি আবু হাসান মুহম্মদ তারিক, পুলিশ সদর দপ্তরের অতিরিক্ত আইজিপি মোহা. আবদুল আলীম মাহমুদ, পুলিশ সদর দপ্তরের টিআর মো. মাসুদুর রহমান ভুঁইয়া ও রাজশাহী সারদার প্রিন্সিপাল অতিরিক্ত আইজিপি মো. তওফিক মাহবুব চৌধুরী। সোমবার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পুলিশ-১ শাখার সিনিয়র সচিব মনজুর মোর্শেদ চৌধুরী স্বাক্ষরিত পৃথক ৫ প্রজ্ঞাপনে এ তথ্য জানা যায়। প্রজ্ঞাপনে বলা হয়, সরকারি চাকরি আইন, ২০১৮ এর-৪৫ ধারার বিধান অনুযায়ী, জনস্বার্থে সরকারি চাকরি থেকে অবসর দেওয়া হলো। তারা বিধি অনুযায়ী, জনস্বার্থে অবসরজনিত সুবিধা প্রাপ্য হবেন। জনস্বার্থে জারিকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৩.২০২৬ আসাদ)

## মিরপুরে আগুন নিয়ন্ত্রণে; উদ্ধার ২৩ জন, আহত ১

রাজধানীর মিরপুর-২ নম্বরে অবস্থিত ১১তলা একটি বাণিজ্যিক ভবনের লাগা আগুন নিয়ন্ত্রণে এসেছে। আগুন নিয়ন্ত্রণে ফায়ার সার্ভিসের ৬ ইউনিট কাজ করছে। ওই ভবনে আটকে পড়া ২৩ জনকে উদ্ধার করে নিরাপদে নামিয়ে এনেছে ফায়ার সার্ভিস। এছাড়া, একজন নারীকে উদ্ধার করে সোহরাওয়ার্দী হাসপাতালে পাঠানো হয়েছে। সোমবার দুপুর ১টা ৫২ মিনিটে আগুন লাগার খবর পায় ফায়ার সার্ভিস। এরপর প্রথমে চার ইউনিট, পরে আরও দুটি ইউনিট যোগ হয়ে মোট ছয় ইউনিটের চেষ্টায় বিকেল ৩টা ২২ মিনিটে আগুন নিয়ন্ত্রণে আসে। ফায়ার সার্ভিসের মিডিয়া সেলের ভারপ্রাপ্ত কর্মকর্তা তালহা বিন জসিম জানান, সোমবার দুপুর ১টা ৫২ মিনিটে রাজধানীর মিরপুর-২ নম্বরে অবস্থিত ১১তলা একটি বাণিজ্যিক ভবনের তিন তলায় আগুন লাগার ঘটনা ঘটে। খবর পেয়ে ছয়টি ইউনিট আগুন নিয়ন্ত্রণে কাজ করে। বিকেল ৩টা ২২ মিনিটের দিকে আগুন নিয়ন্ত্রণে আসে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৩.২০২৬ আসাদ)

## জ্বালানি তেলে অনিয়ম রোধে ডিসিদের ভ্রাম্যমাণ আদালত পরিচালনার নির্দেশ

জ্বালানি তেলের অবৈধ মজুত ও অতিরিক্ত দামে বিক্রি রোধে জেলা প্রশাসকদের ভ্রাম্যমাণ আদালত পরিচালনার নির্দেশ দিয়েছে মন্ত্রিপরিষদ বিভাগ। সোমবার এ নির্দেশনা দিয়ে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে দেশের সব জেলা প্রশাসকের কাছে চিঠি পাঠানো হয়। এর আগে, এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা দেওয়ার জন্য মন্ত্রিপরিষদ বিভাগকে চিঠি দেয় জ্বালানি ও খনিজসম্পদ বিভাগ। ডিসিদের কাছে পাঠানো মন্ত্রিপরিষদ বিভাগের চিঠিতে বলা হয়, জ্বালানি তেলের বাজারে শৃঙ্খলা বজায় রাখা ও কৃত্রিম সংকট প্রতিরোধের লক্ষ্যে জ্বালানি তেলের অবৈধ মজুত, নির্ধারিত মূল্যের চেয়ে অতিরিক্ত মূল্যে বিক্রি, খোলা বাজারে বিক্রি বন্ধ ও পাচাররোধে মোবাইল কোর্ট পরিচালনার জন্য জ্বালানি ও খনিজসম্পদ বিভাগ থেকে অনুরোধ জানানো হলো। তাই এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য ডিসিদের নির্দেশনা দিয়েছেন মন্ত্রিপরিষদ বিভাগ। (জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৩.২০২৬ আসাদ)

## পর্যাপ্ত মজুত আছে, ভোজ্যতেলের দাম একফোঁটাও বাড়বে না : বাণিজ্যমন্ত্রী

বাজারে ভোজ্যতেলের পর্যাপ্ত মজুত রয়েছে। তেলের দাম একফোঁটাও বাড়ার সম্ভাবনা নেই। এ মন্তব্য করেছেন বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির। সোমবার ভোজ্যতেলের সার্বিক সরবরাহ পরিস্থিতি পর্যালোচনার জন্য বাণিজ্য মন্ত্রণালয়ে ভোজ্যতেল ব্যবসায়ীদের সঙ্গে বৈঠক করেন মন্ত্রী। এরপর সাংবাদিকদের ব্রিফ করেন তিনি। বাণিজ্যমন্ত্রী বলেন, কয়েকদিন বাজারে যে সংকট হয়েছে, এর কারণ আতঙ্কিত হয়ে অতিরিক্ত কেনাকাটা করেছে অনেকে। যে কারণে সাময়িকভাবে কিছু জায়গায় সরবরাহের চাপ তৈরি করেছে। তিনি আরও বলেন, গত কয়েকদিনে বিভিন্ন গণমাধ্যমে কোথাও কোথাও ভোজ্যতেলের সংকট বা লিটারে দুই টাকা বেশি দামে বিক্রির খবর প্রকাশ হওয়ায় পরিস্থিতি পর্যালোচনা করতে এ বৈঠক হয়। বৈঠকে আমদানিকারক ও রিফাইনারি মালিকদের কাছ থেকে পাওয়া তথ্য অনুযায়ী বাজারে ভোজ্যতেলের পর্যাপ্ত মজুত রয়েছে।(জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৩.২০২৬ আসাদ)

## সাড়ে ১২ কেজি সিলিন্ডারের দাম ৭৭৬ টাকা থেকে বাড়িয়ে ১২৩৫ করার প্রস্তাব

দেশে তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস এলপিজি বোতলজাত করা একমাত্র সরকারি প্রতিষ্ঠান এলপি গ্যাস লিমিটেড সাড়ে ১২ কেজির সিলিন্ডারের দাম ৭৭৬ টাকা থেকে বাড়িয়ে ১ হাজার ২৩৫ টাকা করার প্রস্তাব দিয়েছে। বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশনের বিপিসি অধীনস্থ এ কোম্পানি সূত্র জানিয়েছে, সরকারি নির্দেশনা মোতাবেক সাড়ে ১২ কেজি এলপি গ্যাসের দাম ছিল ৮২৫ টাকা। গত মাসে ভ্যাট কমানোর পর এর দাম দাঁড়ায় ৭৭৬ টাকা। তবে ভ্যাট কমানোর আগেই বিপিসি থেকে দাম বাড়ানোর একটি প্রস্তাবনা পাঠানো হয়। পরে কোম্পানিটি সেই প্রস্তাব বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশনের কাছে পাঠায়। তবে বিইআরসি এখনো সিদ্ধান্ত নেয়নি। সোমবার বিকেলে এলপি গ্যাস লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মো. ইউসুফ হোসেন ভুঁইয়া জাগো নিউজকে বলেন, "বিপিসি থেকে দাম বাড়ানোর একটা প্রস্তাব ছিল। আমরা সেই প্রস্তাবটি বিইআরসিতে পাঠিয়েছি। এটা গত মাসের ঘটনা।„ এর আগেও, বিপিসির মালিকানাধীন এলপি গ্যাস লিমিটেড ২০২৫ সালের ১৫ সেপ্টেম্বর সাড়ে ১২ কেজির সিলিন্ডারের দাম ৮২৫ টাকা থেকে বাড়িয়ে ৯২৫ টাকার প্রস্তাব করেছিল। তখন ক্রস ফিলিং বন্ধ এবং ডিলার পর্যায়ে স্থানীয় পরিবহণ, অপারেশন খরচ ও চার্জ বৃদ্ধির জন্য এ দাম বাড়ানোর প্রস্তাব করা হয়। কিন্তু বিইআরসি সেই প্রস্তাব নাকচ করে দিয়েছিল।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৩.২০২৬ আসাদ)

## মধ্যপ্রাচ্যের চার রুটে বিমানের সব ফ্লাইট স্থগিত

মধ্যপ্রাচ্যে চলমান যুদ্ধের কারণে দোহা, শারজাহ, কুয়েত ও দাম্মাম রুটের সব ফ্লাইট অনির্দিষ্টকালের জন্য স্থগিত করেছে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স। সংস্থাটি জানিয়েছে, পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত ওই চারটি রুটে ফ্লাইট বন্ধ থাকবে। সোমবার বিমানের মহাব্যবস্থাপক বোসরা ইসলাম এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানান, মধ্যপ্রাচ্যে উদ্ভূত পরিস্থিতির কারণে এসব রুটের ফ্লাইট স্থগিত রাখা হয়েছে। অন্যদিকে, দুবাই ও আবুধাবি রুটের ফ্লাইটগুলো ১০ মার্চ পর্যন্ত স্থগিত থাকবে। পরে পরিস্থিতির উন্নতি এবং সেখানকার এয়ারপোর্ট কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে ফ্লাইট

দুটি পুনরায় চালু করা হতে পারে। মধ্যপ্রাচ্যের পরিস্থিতি সার্বক্ষণিক পর্যবেক্ষণ করা হচ্ছে এবং প্রয়োজনীয় যে-কোনো হালনাগাদ তথ্য যাত্রীদের যথাসময়ে জানিয়ে দেওয়া হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৩.২০২৬ আসাদ)

## রাজনৈতিক হয়রানিমূলক মামলা প্রত্যাহারে কেন্দ্রীয় কমিটি গঠন

বিভিন্ন সময়ে রাজনৈতিক কারণে দায়ের করা হয়রানিমূলক মামলাগুলো পর্যালোচনা ও প্রত্যাহারের কার্যক্রম পরিচালনার জন্য একটি কেন্দ্রীয় কমিটি গঠন করেছে সরকার। রোববার মন্ত্রিপরিষদ বিভাগ থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়েছে। আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মন্ত্রীকে আহ্বায়ক করে ৬ সদস্যের এই কমিটি গঠন করা হয়েছে। কমিটির সদস্য হিসেবে রয়েছেন- স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আইন অনুবিভাগের অতিরিক্ত সচিব বা যুগ্মসচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আইন-১ অধিশাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, আইন মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের একজন প্রতিনিধি। কমিটির সদস্য-সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আইন-১ শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা। (জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৩.২০২৬ আসাদ)

## জাতিসংঘের সাধারণ পরিষদের সভাপতি পদে বাংলাদেশকে সমর্থন দেবে তুরস্ক

জাতিসংঘের সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের সভাপতি পদে বাংলাদেশকে সমর্থন দেবে তুরস্ক। ঢাকায় নিযুক্ত তুরস্কের রাষ্ট্রদূত রামিস সেন সোমবার পররাষ্ট্র মন্ত্রণালয়ে পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদের সঙ্গে এক বৈঠকে এই সমর্থনের কথা জানান। বৈঠকে রাষ্ট্রদূত রামিস সেন প্রতিমন্ত্রীকে তার সাম্প্রতিক নিয়োগের জন্য অভিনন্দন জানান। তিনি দুই দেশের মধ্যে দীর্ঘস্থায়ী বন্ধুত্ব ও অংশীদারিত্ব আরও গভীর করার জন্য তুরস্কের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেছেন। প্রতিমন্ত্রী রাষ্ট্রদূতকে উষ্ণ অভ্যর্থনা জানান এবং বাংলাদেশ এবং তুরস্কের মধ্যে চমৎকার দ্বিপাক্ষিক সম্পর্কের ওপর জোর দেন, যা অভিন্ন মূল্যবোধ, সাংস্কৃতিক সম্প্রীতি এবং গভীরভাবে প্রথিত সভ্যতাগত বন্ধনে নিহিত।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৩.২০২৬ আসাদ)

## চট্টগ্রামে জাহাজ থেকে খালাস হচ্ছে ২৭ হাজার টন ডিজেল

২৭ হাজার ২০৪ টন ডিজেল নিয়ে সিঙ্গাপুর থেকে বাংলাদেশে এসেছে জাহাজ `এমটি জিউ চি,। সোমবার (৯ মার্চ) সকাল সাড়ে ৮টায় জাহাজটি চট্টগ্রাম বন্দরে আসে। এটি এরই মধ্যে খালাস প্রক্রিয়া শুরু হয়েছে বলে জানিয়েছে সংশ্লিষ্ট কর্মকর্তারা। পাশাপাশি, এমটি লিয়ান হুয়ান হু নামের আরেকটি জাহাজ ২৭ হাজার টন ডিজেল নিয়ে আজ রাতে চট্টগ্রাম বন্দরের ডলপিন জেটিতে বার্থিংয়ের কথা রয়েছে। এর আগে, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু বলেন, সোমবার ডিজেল নিয়ে দুটি জাহাজ আসছে। এতে দেশে জ্বালানির মজুত বাড়ছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৩.২০২৬ রিহাব)

## মদের মামলায় খালাস পেলেন আসিফ আকবর

লাইসেন্স ছাড়া বিদেশি মদ রাখার অভিযোগে দায়ের করা মামলায় কণ্ঠশিল্পী আসিফ আকবর খালাস পেয়েছেন। সোমবার ঢাকার অতিরিক্ত মহানগর দায়রা জজ আদালত-২ এর বিচারক আয়েশা আক্তার মৌসুমি যুক্তি-তর্ক শুনানি শেষে এ রায় ঘোষণা করেন। সংশ্লিষ্ট আদালত সূত্রে জানা যায়, মামলায় রাষ্ট্রপক্ষ অভিযোগ প্রমাণ করতে ব্যর্থ হওয়ায়, আসিফ আকবরকে খালাস দেন আদালত। এর আগে, মামলায় সাক্ষ্যগ্রহণ শেষে যুক্তি-তর্ক উপস্থাপনের জন্য আজকের দিন ধার্য ছিল। মামলায় মোট তিনজন সাক্ষী আদালতে সাক্ষ্য দেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৩.২০২৬ আসাদ)

## সম্ভাব্য সংকট বিবেচনায় রেখে অর্থনৈতিক পরিকল্পনা করা হচ্ছে : অর্থমন্ত্রী

বৈশ্বিক অনিশ্চয়তা ও সম্ভাব্য সংকট বিবেচনায় রেখে সরকার দেশের সার্বিক অর্থনৈতিক পরিকল্পনা নির্ধারণ করছে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। সোমবার (৯ মার্চ) `ফ্যামিলি কার্ড, কর্মসূচি নিয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে এক প্রশ্নের উত্তরে অর্থমন্ত্রী এ কথা জানান। তিনি বলেন, ভবিষ্যতের অর্থনৈতিক প্রক্ষেপণ ও সরকারি কর্মসূচিগুলোও সেই বাস্তবতা মাথায় রেখেই পরিচালিত হবে। আমির খসরু জানান, বৈশ্বিক যুদ্ধ পরিস্থিতি ও আন্তর্জাতিক বাজারের অস্থিরতার কারণে দেশের অর্থনীতিতে সম্ভাব্য প্রভাব নিয়ে সরকার আগেভাগেই প্রস্তুতি নিচ্ছে। এ বিষয়ে বিভিন্ন মন্ত্রণালয়ের সঙ্গে সমন্বয় করে পরিকল্পনা করা হচ্ছে। `বিশ্বে যে ধরনের পরিস্থিতি তৈরি হচ্ছে, বিশেষ করে যুদ্ধের কারণে যে অর্থনৈতিক চাপ তৈরি হতে পারে, তা আমরা বিবেচনায় নিচ্ছি। সেই বাস্তবতা মাথায় রেখেই সরকারের সার্বিক অর্থনৈতিক কর্মকাণ্ড পরিচালনা করা হচ্ছে,, যোগ করেন তিনি।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৩.২০২৬ রিহাব)

## বাংলাদেশ মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হলেন ডা. এফ এম সিদ্দিকী

ঢাকা মেডিক্যাল কলেজের মেডিসিন বিভাগের সাবেক অধ্যাপক ডা. এফ এম সিদ্দিকীকে বাংলাদেশ মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। সোমবার (৯ মার্চ) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এ সংক্রান্ত একটি আদেশ জারি করেছে। মন্ত্রণালয়ের জারি করা আদেশে বলা হয়েছে, রাষ্ট্রপতির অনুমোদনক্রমে তাকে

বাংলাদেশ মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদে নিয়োগ দেওয়া হয়েছে। ডা. এফ এম সিদ্দিকী ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালসহ দেশের বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানে দীর্ঘদিন চিকিৎসা ও চিকিৎসা শিক্ষার দায়িত্ব পালন করেছেন। তিনি ঢাকা মেডিক্যাল কলেজের মেডিসিন বিভাগের অধ্যাপক হিসেবে দায়িত্ব পালন শেষে অবসর গ্রহণ করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৩.২০২৬ রিহাব)

## যশোর সীমান্তে জাল টাকাসহ যুবক আটক

যশোরের শার্শা সীমান্ত এলাকা থেকে ৫০০ টাকার ৮৬টি জাল নোটসহ হাসানুজ্জামান (৩০) নামের এক যুবককে আটক করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) সদস্যরা। সোমবার (৯ মার্চ) সকালে উপজেলার কায়বা সীমান্ত এলাকা থেকে তাকে আটক করা হয়। আটক হাসানুজ্জামান শার্শা উপজেলার রুদ্রপুর গ্রামের বাসিন্দা। খুলনা ২১ বিজিবি ব্যাটালিয়নের অধিনায়ক লে. কর্নেল নাফিজ ইমতিয়াজ আহসান জানান, গোপন সংবাদের ভিত্তিতে শার্শার কায়বা বিওপির দায়িত্বপূর্ণ সীমান্ত এলাকায় চোরাচালান বিরোধী অভিযান পরিচালনা করে হাসানুজ্জামানকে আটক করা হয়। পরে তার শরীর তল্লাশি করে ৮৬টি ৫০০ টাকার জাল নোট উদ্ধার করা হয়। বিজিবির অধিনায়ক আরও জানান, দেশের সীমান্ত এলাকায় মাদক ও অন্যান্য যে-কোনো ধরনের চোরাচালান বন্ধে বিজিবির এ ধরনের অভিযান অব্যাহত থাকবে। আটক আসামিকে মামলা দিয়ে শার্শা থানায় হস্তান্তর করা হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৩.২০২৬ রিহাব)

## পাবনায় ৫-৭ ঘণ্টায় ফুরিয়ে যাচ্ছে দুই দিনের পেট্রোল

মধ্যপ্রাচ্যে যুদ্ধের প্রভাব পড়েছে দেশে জ্বালানি তেলের বাজারে। সংকট আতঙ্কে পাবনায় দু-দিনের পেট্রোল ৫-৭ ঘণ্টায় ফুরিয়ে যাচ্ছে বলে দাবি পাম্প মালিকদের। তবে ক্রেতারা বলছেন, মজুত করছেন ব্যবসায়ীরা। এক্ষেত্রে কারসাজি রোধে প্রশাসনকে আরও তৎপর হওয়ার তাগিদ দিয়েছেন তারা। সম্প্রতি ইসরায়েল ও আমেরিকা যৌথভাবে ইরানের ওপর হামলার পর যুদ্ধ পরিস্থিতি চলছে মধ্যপ্রাচ্যে। ফলে দেশে পেট্রোলসহ জ্বালানি তেলের সংকট আতঙ্ক ঘিরে ধরেছে দেশবাসীকে। এ আতঙ্কে গত ৫ মার্চ বিকেল থেকে হঠাৎ করেই বেশি করে তেল ভরে রাখতে পাবনার পাম্পগুলোতে ভিড় জমাতে শুরু করেন বাইকাররা। সন্ধ্যা থেকে রাত গড়াতেই তেল ফুরিয়ে যায় পাম্পগুলোতে। পরদিন পাবনার বেশিরভাগ পাম্পে তেল না থাকায় বন্ধ থাকে। এর পরদিন পাম্পগুলোতে তেল এলেও অতি চাপে কয়েক ঘণ্টায় তেল ফুরিয়ে যায়। জরুরি প্রয়োজন হলেও অনেকেই তেল না নিয়েই ফিরে যান। একই সমস্যা অব্যাহত রয়েছে এখনো। (জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৩.২০২৬ রিহাব)

## নারীর ক্ষমতায়নে কাজ করে যাচ্ছে সরকার : মির্জা ফখরুল

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, প্রয়াত প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া দেশে নারীশিক্ষা বিস্তারে যুগান্তকারী ভূমিকা পালন করেছেন। তার দেখানো পথ অনুসরণ করেই সরকার নারীর ক্ষমতায়নে কাজ করে যাচ্ছে এবং ভবিষ্যতেও তা অব্যাহত থাকবে। সোমবার (৯ মার্চ) রাজধানীর আগারগাঁওয়ে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরে (এলজিইডি) আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষ্যে নারীদের সম্মাননা প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে স্থানীয় সরকার বিভাগের সচিব মো. শহীদুল হাসান বলেন, ন্যায়ভিত্তিক ও সহনশীল সমাজ গঠনে নারীর ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। একটি উন্নত সমাজ গঠনের জন্য নারী-পুরুষের মধ্যে কোনো ধরনের বৈষম্য রাখা যাবে না। (জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৩.২০২৬ রিহাব)

## বিটিআরসিতে ২৯ জনের অবৈধ নিয়োগ-পদোন্নতির উদ্যোগ নিয়ে রুল

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনে (বিটিআরসি) ২৯ জনের অবৈধভাবে নিয়োগের বিরুদ্ধে কেন আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে না, তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। একইসঙ্গে বিটিআরসিতে অবৈধভাবে নিয়োগ পাওয়াদের পদোন্নতির বিষয়ে পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত কেন বেআইনি ও অবৈধ ঘোষণা করা হবে না, তাও জানতে চেয়েছেন রুলে। এ সংক্রান্ত এক রিটের প্রাথমিক শুনানি নিয়ে গত ৫ মার্চ হাইকোর্টের বিচারপতি রাজিক-আল-জলিল এবং বিচারপতি মো. আনোয়ারুল ইসলামের সমন্বয়ে গঠিত বেঞ্চ রুল জারির আদেশ দেন। সোমবার (৯ মার্চ) রুলের বিষয়টি জাগো নিউজকে নিশ্চিত করেন রিটকারীদের আইনজীবী ব্যারিস্টার শিহাব উদ্দিন খান।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৩.২০২৬ রিহাব)

## মাইকে ৭ মার্চের ভাষণ; ইমিসহ ৩ জনের জামিন নামঞ্জুর

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ মার্চের ভাষণ বাজানোর ঘটনায় গ্রেফতার `স্লোগান ৭১,-এর সাবেক সাধারণ সম্পাদক শেখ তাসনিম আফরোজ ইমি ও দুই সহযোগীর জামিন আবেদন নামঞ্জুর করেছেন আদালত। সোমবার (৯ মার্চ) ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট দিদারুল আলম শুনানি নিয়ে তাদের জামিন আবেদন নামঞ্জুর করেন। অভিযুক্ত অন্য দুই আসামি হলেন- নিষিদ্ধ ছাত্রলীগের ঢাকা বিশ্ববিদ্যালয়ের শহীদুল্লাহ হল শাখার সাবেক কর্মসংস্থান সম্পাদক মো. আসিফ আহমেদ সৈকত এবং সার্জেন্ট জহুরুল হক হল শাখার সাবেক সহ-সম্পাদক আবদুল্লাহ আল মামুন।

আদালতে আজ ইমির পক্ষে অ্যাডভোকেট মনির হোসেন, সৈকতের পক্ষে তরিকুল ইসলাম এবং আবদুল্লাহ আল মামুনের পক্ষে গোলাম রাব্বানী জামিন চেয়ে শুনানি করেন। শুনানি শেষে আদালত জামিনের আবেদন নামঞ্জুর করেন বলে জানিয়েছেন আইনজীবী গোলাম রাব্বানী। (জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৩.২০২৬ রিহাব)

## হাদি হত্যার বিচার প্রক্রিয়া ভিন্নখাতে নেওয়া হচ্ছে : ইনকিলাব মঞ্চ

ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরিফ ওসমান হাদি হত্যার বিচার প্রক্রিয়া ভিন্নখাতে প্রবাহিত করার অপচেষ্টা চলছে বলে অভিযোগ করেছে ইনকিলাব মঞ্চ। সোমবার (৯ মার্চ) বিকেলে রাজধানীর শাহবাগে ওসমান হাদির খুনিকে গ্রেফতারের বিষয়ে ইনকিলাব মঞ্চ আয়োজিত এক সংবাদ সম্মেলনে সংগঠনটির সদস্যসচিব আব্দুল্লাহ আল জাবের এমন অভিযোগ করেন। তিনি বলেন, ”গতকাল থেকে বাংলাদেশের বড়ো একটি রাজনৈতিক দল ও কালচারাল ফ্যাসিস্টরা ওসমান হাদি হত্যার দায়ভার তার সহযোদ্ধাদের ওপর চাপিয়ে তাদের হত্যাযোগ্য করে তুলছে। আমরা সরকারের উদ্দেশ্যে বলতে চাই, যারা এসব প্রোপাগান্ডা চালাচ্ছে, তারা আপনাদের দলের কর্মী। আপনারা যদি তাদের না থামান, তাহলে আমরা ধরে নেবো এতে আপনাদেরও মদদ রয়েছে।„ জাবের আরও বলেন, ”যিনি গুলি করেছেন, তিনি কেবল শহিদ ওসমান হাদিকেই হত্যা করেননি, এর পেছনে বড়ো একটি চক্র জড়িত। তাদের আটকে আমরা প্রশাসনের কোনো তৎপরতা দেখতে পাচ্ছি না। আমাদের দাবি খুব স্পষ্ট। দ্রুত হাদির খুনিকে দেশে ফিরিয়ে এনে বিচারের মুখোমুখি করতে হবে। পাশাপাশি, এই হত্যাকাণ্ডে কোন চক্র জড়িত- সেটা উদ্‌ঘাটন করে তাদেরও বিচারের আওতায় নিয়ে আসতে হবে।„ (জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৩.২০২৬ রিহাব)

## সিলেটে তেল না পেয়ে পাম্পকর্মীকে ছুরিকাঘাত

সিলেট নগরীতে পেট্রোল পাম্পে তেল না পেয়ে পাম্পের কর্মীকে ছুরিকাঘাত করেছেন এক গ্রাহক। সোমবার (৯ মার্চ) সন্ধ্যা ৭টার দিকে নগরীর চৌকিদেখী এলাকার উত্তরা পেট্রোল পাম্পে এ ঘটনা ঘটে। আহত পেট্রোল পাম্পকর্মীর নাম মিঠু গোয়ালা। ছুরিকাঘাতের পর তাকে সিলেট এমএজি ওসমানী মেডিক্যাল কলেজ হাসপাতালে নেওয়া হয়। সিলেট মেট্রোপলিটন পুলিশের এয়ারপোর্ট থানার পরিদর্শক (তদন্ত) সৌমেন মৈত্র এ তথ্য নিশ্চিত করেছেন। পুলিশ জানায়, বিকেলে ইফতারের দুই মিনিট আগে চৌকিদেখী এলাকার উত্তরা পেট্রোল পাম্পে তেল নিতে আসেন এক গ্রাহক। এসময় ইফতারের সময় ঘনিয়ে আসায় তেল দিতে অপারগতা প্রকাশ করায় ওই গ্রাহকের সঙ্গে কর্মীদের কথা-কাটাকাটি হয়। ইফতার শেষে ওই গ্রাহক আবার পাম্পে এসে মিঠু গোয়ালা নামের এক কর্মীকে ছুরিকাঘাত করে পালিয়ে যান। পরে তার সহকর্মীরা আহত অবস্থায় তাকে উদ্ধার করে সিলেট এমএজি ওসমানী মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করেন। পরিদর্শক সৌমেন মৈত্র বলেন, আহত পেট্রোল পাম্পকর্মী এখন শঙ্কামুক্ত। অভিযুক্ত ব্যক্তিকে আটক করতে পুলিশ কাজ করছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৩.২০২৬ রিহাব)

## ফটিকছড়িতে বাস-মোটরসাইকেল সংঘর্ষে নিহত ৩

চট্টগ্রামের ফটিকছড়িতে যাত্রীবাহী বাস ও মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে তিনজন নিহত হয়েছেন। এতে অন্তত ১৪ জন আহত হয়েছেন। সোমবার (৯ মার্চ) বিকেল ৫টা ৪০ মিনিটের দিকে ফটিকছড়ি-খাগড়াছড়ি সড়কের ফেলাগাজী দিঘি মোড় এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহতরা হলেন- যোগেজ উড়াংয়ের ছেলে উত্তম উড়াং (১৭), রাম উড়াংয়ের ছেলে নয়ন উড়াং (১৭) এবং তপন উড়াংয়ের ছেলে তপু উড়াং (১৭)। তারা সবাই ফটিকছড়ি উপজেলার হারুয়ালছড়ি ইউনিয়নের হাজারীখিল গ্রামের বাসিন্দা। ফটিকছড়ি হাইওয়ে পুলিশের ইনচার্জ মো. সাহাব উদ্দিন ও ফটিকছড়ি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগের চিকিৎসক ডা. মো. ইব্রাহীম দুর্ঘটনার বিষয়টি নিশ্চিত করেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৩.২০২৬ রিহাব)

## জ্বালানি তেলের যথাযথ সরবরাহে মনিটরিং ও কন্ট্রোল সেল গঠন

বর্তমান পরিস্থিতিতে জ্বালানি তেলের যথাযথ ও নিরবচ্ছিন্ন সরবরাহ নিশ্চিত এবং অভিযোগ নিষ্পত্তির লক্ষ্যে কেন্দ্রীয় ও আঞ্চলিক মনিটরিং এবং কন্ট্রোল সেল গঠন করা হয়েছে। সোমবার (৯ মার্চ) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন (বিপিসি) ও অধীনস্থ কোম্পানিগুলোর সমন্বয়ে এ সেল গঠন করা হয়। বিপিসির চেয়ারম্যান রেজানুর রহমান স্বাক্ষরিত এ-সংক্রান্ত এক স্মারকে বিষয়টি জানা গেছে। এতে বলা হয়, সেলের মেয়াদ চলতি (মার্চ) মাস থেকে আগামী মে পর্যন্ত। আজ শুরু হওয়া এর কার্যক্রম প্রতিদিন চালু থাকবে এবং পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত ছুটির দিনেও চলবে। অফিস সময়ের পর মোবাইল ফোনে যোগাযোগ অব্যাহত থাকবে। সেলের দায়িত্ব সম্পর্কে জানানো হয়, আঞ্চলিক সেলগুলো প্রতিদিন নিয়মিতভাবে সে অঞ্চলের ডিপোগুলোর পেট্রোলিয়াম পণ্যের মজুত, সরবরাহ ও বিক্রয় পরিস্থিতিসহ অঞ্চলে বিদ্যমান ডিজেলের খুচরা বাজার পরিস্থিতি কেন্দ্রীয় সেলে পাঠাবে। আঞ্চলিক সেলগুলো থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে কেন্দ্রীয় সেলের প্রস্তুত করা পেট্রোলিয়াম পণ্যের মজুত প্রতিবেদন নিয়মিতভাবে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগসহ সংশ্লিষ্ট সব মন্ত্রণালয়, বিভাগ ও সংস্থার কাছে পাঠানো হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৩.২০২৬ রিহাব)

## মশা নিয়ন্ত্রণে ৪১ ওয়ার্ডে বিশেষ `ক্রাশ প্রোগ্রাম, শুরু

চট্টগ্রাম নগরে মশার উপদ্রব নিয়ন্ত্রণে ৪১টি ওয়ার্ডে বিশেষ `ক্রাশ প্রোগ্রাম, শুরু করেছে চট্টগ্রাম সিটি করপোরেশন (চসিক)। সোমবার (৯ মার্চ) নগরের জমিয়তুল ফালাহ্ মসজিদ প্রাঙ্গণে মশার ঔষধ ছিটিয়ে কর্মসূচির উদ্‌বোধন করেন চসিকের মেয়র ডা. শাহাদাত হোসেন। উদ্‌বোধনকালে মেয়র বলেন, আবহাওয়া পরিবর্তনের কারণে হঠাৎ করে মশার বিস্তার বেড়ে যায়। নগরবাসী যাতে মশার উপদ্রবে দুর্ভোগে না পড়েন, সে জন্য সব ওয়ার্ডে সমন্বিতভাবে মশা নিয়ন্ত্রণ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। তিনি জানান, এ কর্মসূচির আওতায় নিয়মিত ফগিংয়ের পাশাপাশি লার্ভিসাইড ছিটানো, নালা-নর্দমা পরিষ্কার, আবর্জনা অপসারণ এবং জনসচেতনতা কার্যক্রম জোরদার করা হবে। সমন্বিত উদ্যোগের মাধ্যমে মশার বংশবিস্তার নিয়ন্ত্রণে আনা সম্ভব হবে বলে আশা প্রকাশ করেন তিনি।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৩.২০২৬ রিহাব)

## ডায়মন্ড ওয়ার্ল্ডের দিলীপের ব্যাংক হিসাব-শেয়ার-গাড়ির খোঁজে দুদক

অবৈধ সম্পদ অর্জন ও অর্থ পাচারের অভিযোগ অনুসন্ধানে ব্যবসায়ী দিলীপ কুমার আগরওয়ালার ব্যাংক হিসাব, বিভিন্ন প্রতিষ্ঠানে শেয়ার মালিকানা এবং কয়েকটি গাড়ির তথ্য তলব করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। ক্ষমতার পটপরিবর্তনের পর, ২০২৪ সালের ৪ সেপ্টেম্বর তাকে গ্রেফতার করে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)। দিলীপ কুমার আগরওয়ালা ডায়মন্ড ওয়ার্ল্ডের ব্যবস্থাপনা পরিচালক এবং কেন্দ্রীয় আওয়ামী লীগের শিল্প ও বাণিজ্যবিষয়ক উপ-কমিটির সদস্য। গত বছরের ৮ অক্টোবর জ্ঞাত আয়-বহির্ভূত সম্পদ অর্জন ও বিপুল পরিমাণ সন্দেহজনক লেনদেনের অভিযোগে তাকে ও তার স্ত্রী সবিতা আগরওয়ালার বিরুদ্ধে মামলা করে দুদক। এদিকে, সম্প্রতি দুদকের তদন্ত কর্মকর্তা সহকারী পরিচালক সাজ্জাদ হোসেনের পাঠানো একাধিক চিঠিতে এনআরবি, ইস্টার্ন, ঢাকা, বেঙ্গল কমার্সিয়াল ও ডাচ বাংলা ব্যাংকের বিভিন্ন হিসাবের নথি চাওয়া হয়েছে। পাশাপাশি, যৌথ মূলধন কোম্পানি ও ফার্মগুলোর পরিদপ্তরের কাছে তার নামে থাকা বিভিন্ন প্রতিষ্ঠানের শেয়ার সংক্রান্ত রেকর্ড এবং বাংলাদেশ সড়ক পরিবহণ কর্তৃপক্ষের কাছে কয়েকটি গাড়ির রেজিস্ট্রেশন ও মালিকানার তথ্যও চাওয়া হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৩.২০২৬ রিহাব)

## কর্মকর্তাদের গাড়িতে ৩০ শতাংশ জ্বালানি কমানোর নির্দেশ ডিএসসিসির

বর্তমান বৈশ্বিক সংকট মোকাবিলায় জাতীয় পর্যায়ে বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ের সরকারি নির্দেশনা বাস্তবায়নে বিশেষ উদ্যোগ নিয়েছে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন (ডিএসসিসি)। ডিএসসিসি প্রশাসক মো. আবদুস সালামের নির্দেশে সংস্থার ব্যয় সংকোচন ও সম্পদ সাশ্রয়ের লক্ষ্যে এক দপ্তর আদেশ জারি করা হয়েছে। আদেশে জানানো হয়, বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে সিটি করপোরেশনের কর্মকর্তাদের ব্যবহৃত গাড়িতে জ্বালানি সরবরাহের পরিমাণ ৩০ শতাংশ কমিয়ে আনা হয়েছে। এছাড়া, শহরের বর্জ্য ব্যবস্থাপনা কাজে নিয়োজিত যানবাহনের ক্ষেত্রেও জ্বালানি ব্যবহারের পরিমাণ ২০ শতাংশ কমানোর কার্যকর ব্যবস্থার নির্দেশ দেওয়া হয়েছে। পাশাপাশি, ব্যক্তিগত ও দাপ্তরিক কাজে গাড়ির ব্যবহার সীমিত করার নির্দেশনা দেওয়া হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৩.২০২৬ রিহাব)

## ১৫ বছর পর চাকরি ফিরে পেলেন ডিসি কোহিনূর

চাকরি থেকে অপসারণের আদেশ বাতিল করে ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি) পশ্চিম জোনের সাবেক উপ-কমিশনার (ডিসি) মো. কোহিনূর মিয়াকে পুনর্বহাল করেছে সরকার। একইসঙ্গে বরখাস্তের পর থেকে বর্তমান সময় তার চাকরির মেয়াদের অংশ হিসেবে গণ্য করার নির্দেশ দেওয়া হয়েছে। ফলে তিনি বিধি অনুযায়ী, বকেয়া বেতন-ভাতাসহ অন্যান্য সুবিধা পাবেন। তার বরখাস্তকালকে চাকরিকাল হিসেবে গণ্য করার নির্দেশ দেওয়া হয়েছে। ফলে তিনি বিধি অনুযায়ী, বকেয়া বেতন-ভাতাসহ অন্যান্য সুবিধা পাবেন। সোমবার (৯ মার্চ) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের শৃঙ্খলা-১ শাখা থেকে জারি করা এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়। রাষ্ট্রপতির আদেশক্রমে প্রজ্ঞাপনে সই করেন সিনিয়র সচিব মনজুর মোর্শেদ চৌধুরী। এতে বলা হয়, দুটি বিভাগীয় মামলায় তার আপিল পর্যালোচনার পর কোহিনূর মিয়ার বিরুদ্ধে দেওয়া আগের বরখাস্তের আদেশ বাতিল করা হয়েছে। একই অভিযোগের বিষয়ে দায়ের করা দুটি ফৌজদারি মামলা আদালতে নিষ্পত্তি হওয়ার পর কোহিনূর মিয়া বরখাস্তের সিদ্ধান্ত পুনর্বিবেচনার জন্য একটি রিভিউ আবেদন করেন। প্রজ্ঞাপনে আরও বলা হয়, আবেদনটি পর্যালোচনার পর রাষ্ট্রপতি বরখাস্তের আদেশ বাতিলের অনুমোদন দেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৩.২০২৬ রিহাব)

## জুলাই বিপ্লব কারও ব্যক্তিগত সম্পত্তি না : আইজিপি

চব্বিশের জুলাই আন্দোলনে নিজেও রাস্তায় ছিলেন জানিয়ে পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) আলী হোসেন ফকির বলেছেন, জুলাই বিপ্লব কারও ব্যক্তিগত সম্পত্তি না। জুলাই বিপ্লব নিয়ে যারা ফায়দা করতে চান, তাদেরও শনাক্ত করা হবে। সোমবার (৯ মার্চ) পুলিশ সদর দপ্তরের মিডিয়া সেন্টারে প্রথম আনুষ্ঠানিক সংবাদ সম্মেলনে এসে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। আইজিপি বলেন, অনেক লোক আছে, জুলাই বিপ্লবের সঙ্গে জড়িত ছিল না,

এখন বড়ো জুলাই বিপ্লবী হয়ে গেছেন। অন্তর্বর্তী সরকারের সময় বিভিন্ন দাবি-দাওয়ার পেছনে জুলাই বিপ্লবকে খাটো বা ধ্বংস করার উদ্দেশ্য ছিল। কোনো ভালো কিছু আমরা গ্রহণ করতে চাই না। সেটাকে নষ্ট করার জন্য এই কাজগুলো করা হচ্ছে.... সুতরাং সাবধান। স্বরাষ্ট্রমন্ত্রী সম্প্রতি চাঁদাবাজ ও চিহ্নিত সন্ত্রাসীদের তালিকা করে অভিযানের যে ঘোষণা দিয়েছেন, সে বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে আইজিপি বলেন, আমরা ইনশাল্লাহ অচিরেই তাদের বিরুদ্ধে অভিযান শুরু করবো। যে তালিকা আসছে, সেটা অনেকগুলো এজেন্সি থেকে পেয়েছি। এটা আবার আমরা সবকিছু মিলিয়ে কমন যেগুলো, সেগুলোর বিরুদ্ধে অভিযান চালাবো। (জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৩.২০২৬ রিহাব)

# BBC

**PUTIN CONGRATULATES NEW SUPREME LEADER & REAFFIRMS 'UNWAVERING SUPPORT' FOR IRAN**

Russian President Vladimir Putin has congratulated Mojtaba Khamenei on becoming Iran's new supreme leader and reaffirmed Moscow's support for Tehran. "Please accept my sincere congratulations on your appointment as supreme leader of the Islamic Republic of Iran," Putin says in a message published on the Kremlin website. The Russian leader says he "reaffirms Russia's unwavering support for Tehran and solidarity with our Iranian friends" and promises to "remain a reliable partner". "At a time when Iran is confronting armed aggression, your actions in this high position will undoubtedly require great courage and dedication. I am confident that you will honourably continue your father's work and unite the Iranian people in the face of this several ordeal," he says.
(BBC News Web Page: 09/03/26, FARUK)

**SHARES ACROSS EUROPE DROP ON OIL PRICE SURGE - BUT BP & SHELL ARE UP**

Shares across Europe have been sinking this morning as investors react to the oil price surge. London's FTSE 100 index has fallen 1.1%, while Germany's Dax and France's Cac 40 are both down by about 2%. Nearly all shares are trading lower, but the UK index has not fallen as much because London-listed oil giants BP and Shell are among the few shares to have risen this morning. Earlier, Asian stock markets dropped sharply, with Japan's Nikkei 225 index sinking more than 5%. The spike in prices is set to push up inflation, which may mean central banks have to keep interest rates higher for longer - and this combination of higher energy prices and borrowing costs would be "a drag on growth", Susannah Streeter, chief investment strategist at Wealth Club, says. (BBC News Web Page: 09/03/26, FARUK)

**IRAN SAYS 1,255 PEOPLE KILLED IN US-ISRAELI ATTACKS, MOSTLY CIVILIANS**

Iranian Deputy Health Minister Ali Jafarian says United States-Idraeli attacks across his country have killed and wounded mostly civilians and the bombardment on oil facilities have caused toxic smoke to spread across the capital, Tehran. Speaking to the BBC on Monday, Jafarian said at least 1,255 people have been killed in Iran , including 200 children and 11 healthcare workers. Their ages ranged from eight months to 88. Insisting that most of the victims were civilians, Jafarian said: "They were living in their homes or at their workplace,"
(BBC News Web Page: 09/03/26, FARUK)

**OIL MORE THAN $100 A BARREL AND STOCK MARKETS FALLING**

Global oil prices have jumped on fears that there will be a lengthy disruption to energy supplies through the key Strait of Hormuz shipping route. The price of Brent crude reached nearly $120 a barrel earlier on Monday, before falling back to around $104. However, that's still a big rise on the $93-a-barrel it was at the end of last week. Gas prices have also jumped. UK gas prices surged by nearly 25% to 171p a therm when trading started on Monday, before slipping back to about 156p. European stock markets are lower, following steep falls earlier in Asia. London's FTSE 100 index is down 1.1%, Germany's Dax index has dropped 1.6% while Frances Cac 40 has fallen 2%.
(BBC News Web Page: 09/03/26, FARUK)

**THOUSANDS CELEBRATE APPOINTMENT OF IRAN'S NEW SUPREME LEADER IN TEHRAN**

In Iran, supporters of the regime have taken to the streets of Tehran to celebrate the appointment of Mojtaba Khamenei as the new supreme leader. Images show people at a public gathering hoisting pictures of Khamenei and his father Ali, who was killed in US-Israeli strikes last week. In one scene, a man holds a placard appearing to show an image of the elder Khamenei passing the flag onto his son. AFP news agency reports thousands of

people flocked to a central square in the Iranian capital this morning to pledge allegiance to the country's new leader. (BBC News Web Page: 09/03/26, FARUK)

**UAE SAYS IT'S DETECTED 15 MISSILES AND 18 DRONES**

The UAE Ministry of Defence says it has detected 15 ballistic missiles on Monday, destroying 12, while three fell into the sea. The ministry also says it detected 18 drones, intercepting 17, with one crashing within UAE territory. Since the start of Iran's attacks, the ministry says it has detected a total of 253 ballistic missiles, eight cruise missiles and 1,440 drones. Two ballistic missiles and 81 UAVs hit the country - the rest were intercepted or feel in the sea, it says. These attacks have resulted in four deaths and 117 injuries so far, it says. (BBC News Web Page: 09/03/26, FARUK)

**ONE KILLED IN MISSILE STRIKE IN CENTRAL ISRAEL**

One person has been killed and another seriously injured after a missile struck a construction site in central Israel, according to a spokesperson from the Israeli emergency services. Meanwhile, a man in his 30s had been taken to hospital with severe shrapnel wounds at another location. (BBC News Web Page: 09/03/26, FARUK)

**STARMER SAYS THE LONGER THE WAR GOES ON, THE MORE LIKELY AN ECONOMIC IMPACT WILL BE**

Starmer says the UK is the talking to other nations about what can be done jointly minimize the economic impacts on people and businesses. "The longer this goes on, the more likely potential for an impact on our economy, impact into the lives and households of everybody and every business," he says. He adds the government's job is to "get ahead of that". He says the Labour government has done a lot of work to make the country more economically resilient and Chancellor Rachel Reeves has been speaking to the governor of the Bank of England "on a daily basis". The government is "talking to our international partners as well about what we can do together to reduce the likely impact on people here, and businesses here", he says. (BBC News Web Page: 09/03/26, FARUK)

**SURGING OIL PRICES WILL HELP RUSSIA WITH ITS WAR IN UKRAINE**

Diplomats say the surging oil price will help Russia repair its public finances and keep its war economy afloat. In recent years, Russia has suffered from international energy sanctions following its full-scale invasion of Ukraine, low global oil prices, and an EU/UK price cap, currently set at $44 a barrel of oil. Such was its financial pain, Russia had to sell gold reserves and raise consumer taxes. But higher oil prices will now help fill Kremlin coffers. The lack of oil supplies via the Strait of Hormuz may make some countries keener to buy more accessible Russian oil. This comes only days after the US temporarily eased sanctions to allow India to buy Russian oil already at sea. The US-Israel war with Iran may not only be distracting global attention from Ukraine, it may also now be helping its enemy.
(BBC News Web Page: 09/03/26, FARUK)

**HEAVY EXPLOSIONS HEARD IN TEHRAN: REPORTS**

Heavy explosions have been heard in the Iranian capital of Tehran, according to reports from the AFP news agency. It was not immediately clear what was targeted in Tehran but the blasts were heard across several parts of the city, the agency reports. (BBC News Web Page: 09/03/26, FARUK)

**MOJTABA KHAMENEI IS THE NEW LEADER OF IRAN**

Iran's new Supreme Leader, Mojtaba Khamenei, has taken the most dangerous job in the world, after the US and Israel vowed to target his father Ali Khamenei's successor. It's not a job many would hope for. There had been rumours for decades that he would be the next Iranian leaders. He was believed to have very close ties to the Revolutionary Guards, as well as being the man behind the scenes who was running the show. Mojtaba Khamenei is a person who has stayed in the shadows. He has never officially been in charge, nor are there many pictures or videos of him. He has suddenly assumed power as Iran's new leader - at a time when his father has not yet even been buried, because of the ongoing war.
(BBC News Web Page: 09/03/26, FARUK)

## :: THE END ::